,

# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 28, 1430 Bangla, March 12, 2024, Tuesday, No. 72, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina asks the doctors to devote more time to research in medical science burying the mentality of doing private practice just to earn money. (VOA: 10)

AL GS says, BNP would further become isolated if the party stages any political program or movement instead of maintaining the sanctity of the holy Ramadan. (Jago FM: 20)

When attention of FM Dr. Hasan Mahmud drew to US ITC investigation into garment exports of BD, he said it is not correct. A number of US organizations have sat down with us to discuss labor rights. (Jago FM: 19)

Mohajote leader Rashed Khan Menon says, govt basically failed to control the price of goods. Otherwise, a state cannot be passive in controlling commodity prices. Parliament is in the possession of businessmen, who will break the syndicate! (Jago FM: 15)

BNP leader Mirza Abbas says, Ramadan will not be comfortable due to increase in commodity prices. Adds, due to high prices of daily commodities, condition of BD may be worse than that of Gaza. (R. Today: 13)

JU authorities have expelled 7 students including main accused, Chhatra League leader Mostafizur Rahman, in connection with gang raping a woman after holding her husband captive on campus. (R. Today: 14)

Loud sound of gunfire was heard continuously from Naikhongchhari in Bandarban. Amid growing tension in Myanmar, again at least 29 Myanmar Border Guard Police fled to BD and took refuge. (Jago FM: 19)

Three assistant attorneys general have been relieved of their posts in the aftermath of violence during the vote counting of the recently concluded Supreme Court Bar Association election. (Jago FM: 15)

Dates have become a tradition for Muslims at Iftar during Ramadan. Every year, price of dates increases slightly during this month. But this year, price increase has surpassed all previous records.(Jago FM: 17)

According to officials in Dhaka, several foreign companies have previously worked independently on gas exploration in Bay of Bengal. However, they left after going to excavation stage. (BBC: 03)

Malaysian govt. has stopped 'visa handling' activities of 'syndicated' Bangladeshi agencies. Analysts think it has created possibility of reducing costs of sending workers there but some are worried about losing their position in the largest labor markets. (BBC: 06)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৮, বাংলা ১৪৩০, মার্চ ১২, ২০২৪, মঙ্গলবার, নং- ৭২, ৫৪তম বছর**

# শিরোনাম

শুধু অর্থ উপার্জনের জন্য প্রাইভেট প্র্যাকটিস করার মানসিকতা পরিহার করে চিকিৎসা বিজ্ঞানের গবেষণায় আরও সময় দিতে দেশের চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়াঃ ১০)

রমজানে সংযম না করে বিএনপি যতই কর্মসূচি পালন করবে ততোই তারা জনবিচ্ছিন্ন হয়ে পড়বে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (জাগো এফএম: ২০)

বাংলাদেশের পোশাক রপ্তানির বিষয়ে ইউএস আইটিসির তদন্তের প্রতি পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেছেন, এটা সঠিক নয়। মার্কিন যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি সংস্থা শ্রমিক অধিকার নিয়ে আলোচনা করতে আমাদের সাথে বসেছে। (জাগো এফএম: ১৯)

মহাজোট সরকারের অন্যতম শরিক নেতা রাশেদ খান মেনন বলেছেন, সরকার মূলত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ব্যর্থ। নইলে এভাবে একটি রাষ্ট্র দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আনতে নিষ্ক্রিয় থাকতে পারে না। সংসদই ব্যবসায়ীদের দখলে, কে সিন্ডিকেট ভাঙবে!, (জাগো এফএম: ১৫)

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে রমজান স্বস্তিদায়ক হবে না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। তিনি বলেন, নিত্যপণ্যের চড়া দামের কারণে গাজার চাইতেও বাংলাদেশের অবস্থা খারাপ হতে পারে। (রে. টুডে : ১৩)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে স্বামীকে আটকে রেখে গৃহবধূকে ধর্ষণের ঘটনায় মুল অভিযুক্ত ছাত্রলীগ নেতা মুস্তাফিজুর রহমান সহ ৭ জনের শাস্তি স্থায়ী করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। (রে. টুডে : ১৪)

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারের অভ্যন্তরে ফের গোলাগুলির ঘটনা ঘটছে। সংঘর্ষ ঘিরে আবারও বাংলাদেশে প্রবেশ করছেন দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশ, বিজিপির মোট ২৯ জন সদস্য। (জাগো এফএম: ১৯)

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে ভোট গণনাকে কেন্দ্র করে হট্টগোল, হাতাহাতি ও মারামারির ঘটনায় তিনজন সহকারী অ্যাটর্নি জেনারেলের নিয়োগ বাতিল করে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। (রে. টুডে : ১৫)

রোজার মাসে ইফতারে খেজুর মুসলমানদের কাছে ঐতিহ্যে পরিণত হয়েছে। প্রতি বছরই রোজায় খেজুরের দাম কিছুটা বাড়ে। তবে এবারের মূল্যবৃদ্ধি অতীতের সব রেকর্ড ছাড়িয়েছে। (জাগো এফএম: ১৭)

ঢাকায় কর্মকর্তাদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, বঙ্গোপসাগরে গ্যাস অনুসন্ধান নিয়ে আগেও বিচ্ছিন্নভাবে বিভিন্ন বিদেশি কোম্পানি কাজ করেছে। তবে খনন পর্যায় পর্যন্ত গিয়েই সরে গেছে তারা। (বিবিসি: ০৩)

মালয়েশিয়া সরকার দেশটিতে 'সিন্ডিকেট, করা বাংলাদেশি এজেন্সিগুলোর 'ভিসা হ্যান্ডলিং, কার্যক্রম বন্ধ করায় সেখানে যেতে আগ্রহী কর্মীদের খরচ কমার সম্ভাবনা তৈরি হয়েছে বলে মনে করছেন বিশ্লেষক ও সাধারণ এজেন্টরা। তবে, এতে অন্যতম বড় এই শ্রমবাজারে অবস্থান হারানো নিয়ে শংকাও তৈরি হয়েছে কারো কারো মধ্যে। (বিবিসি: ০৬)

# বিবিসি

## সাগরে তেল গ্যাসের জন্য আন্তর্জাতিক দরপত্র, কী করতে চাইছে সরকার?

প্রায় সাত বছর পর বাংলাদেশের সাগরে তেল গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে চব্বিশটি ব্লকের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করল বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)। বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিবিসি বাংলাকে বলেছেন, দ্রুততর সময়ের মধ্যে আহরণের কাজ শুরুর লক্ষ্য নিয়ে আগামী সেপ্টেম্বর পর্যন্ত সময় দিয়ে আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে এবং প্রতিযোগিতা নিশ্চিত করতে তারা বিদেশি পত্রিকাতেও বিজ্ঞাপন দিচ্ছেন। যদিও এর আগেও বিভিন্ন সময়ে বিদেশি নানা কোম্পানি সমুদ্রে গ্যাস আহরণের কাজ পেলেও তাদের একটি ছাড়া বাকিরা খনন পর্যায় থেকেই বিদায় নিয়েছিল। মি. হামিদ বলছেন, এবার দরপত্র মূল্যায়ন শেষে কাজ দেওয়ার পর সংশ্লিষ্ট কোম্পানিগুলো জরিপসহ নানা ধাপ অতিক্রম করে তেল গ্যাস পেলে তার পরিমাণ জানতে ও আহরণের কাজ শুরু করতে ৮-১০ বছর পর্যন্ত সময় লাগতে পারে। প্রসঙ্গত, বাংলাদেশের সাগরে মোট ২৬টি ব্লক নির্ধারণ করেছে সরকার, যার মধ্যে পনেরটি গভীর সমুদ্রে আর এগারোটি অগভীর সমুদ্রে। এর মধ্যে দুটি ব্লকে অনুসন্ধানের কাজ করছে ভারতীয় প্রতিষ্ঠান ওএনজিসি। পেট্রোবাংলা বলছে মূলত বাংলাদেশের সমুদ্রে একটি জরিপ পরিচালনা এবং ২০২৩ সালে উৎপাদন অংশীদারিত্ব চুক্তি - অফশোর মডেল পিএসসি সংশোধন করে প্রকাশের পর তেল গ্যাস অনুসন্ধান ও উত্তোলনের জন্য পরিচিতি আছে এমন কোম্পানিগুলোর মধ্যে আগ্রহ তৈরি হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি বা বাপেক্সের ওয়েবসাইটে থাকা তথ্য অনুযায়ী বাংলাদেশে এখন সাতটি গ্যাসক্ষেত্র উৎপাদনক্ষম আছে। এগুলোতে মোট গ্যাস মজুত আছে ১ দশমিক ৭৭৭২ টিসিএফ। এছাড়া এ মুহূর্তে অনুসন্ধান কূপ আছে মোট আঠারটি। তবে বঙ্গোপসাগরের সাঙ্গু গ্যাসক্ষেত্র বেশ আগেই বন্ধ হয়ে গেছে। সাম্প্রতিক কালে বাংলাদেশ ব্যাপক জ্বালানি সংকটের মুখে পড়েছে। রান্নার গ্যাস ছাড়াও সিএনজি, শিল্পকারখানা এবং বিদ্যুৎ কেন্দ্রেও পর্যাপ্ত গ্যাস সরবরাহ করতে হিমশিম খেতে হচ্ছে প্রায়শই। বিশেষজ্ঞদের মতে গ্যাস সংকটের প্রধান কারণ নিজস্ব জ্বালানির উৎপাদন কমছে বাংলাদেশে।

এমন প্রেক্ষাপটে সাগরে তেল গ্যাস অনুসন্ধানের জন্য ছয় মাসের সময় দিয়ে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করল সরকার। বিভিন্ন প্রতিষ্ঠানের সমীক্ষাগুলো থেকে প্রাপ্ত ধারণা অনুযায়ী বাংলাদেশের সাগর এলাকায় ৪০ ট্রিলিয়ন ঘনফুটের বেশি গ্যাসের মজুদ থাকতে পারে বলে মনে করা হচ্ছে। ভারত ও মিয়ানমারের সঙ্গে জলসীমা আন্তর্জাতিক আদালতে আগেই নিষ্পত্তি হলেও বাংলাদেশ সাগর এলাকায় এখনো ব্যাপকভাবে অনুসন্ধানের কাজ শুরু করতে পারেনি। কর্মকর্তারা বলছেন, এবারের দরপত্র অনুযায়ী যারাই যে ব্লকের কাজ পাবেন তাতে অংশীদার হবে বাংলাদেশের তেল গ্যাস অনুসন্ধান ও উত্তোলনকারী প্রতিষ্ঠান বাপেক্স। এ ক্ষেত্রে বাপেক্সের অংশীদারিত্বের পরিমাণ হবে দশ শতাংশ। তবে এতদিন বড় কোম্পানিগুলোর অনাগ্রহের একটি বড় কারণ ছিল আগেই গ্যাসের দাম বেঁধে দেয়া। ২০২৩ সালের উৎপাদন অংশীদারিত্ব চুক্তি বা পিএসসিতে সেটি রাখা হয়নি। বরং বিশ্ববাজারে জ্বালানি তেলের দামের সঙ্গে মিলিয়ে দাম নির্ধারণের কথা থাকায় কোম্পানিগুলোর আগ্রহ তৈরি হয়েছে বলে মনে করেন জ্বালানি বিশেষজ্ঞ ড. বদরুল ইমাম। এখন গ্যাসের দাম হবে বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দামের দশ শতাংশ। তাছাড়া নতুন পিএসসি অনুযায়ী বিদেশি কোম্পানির অংশীদারিত্ব কমিয়ে বাংলাদেশের সংশ্লিষ্ট সংস্থার রাজস্ব বাড়ানো হয়েছে। তবে গ্যাসের যে চাহিদা দেশে আছে তার ত্রিশ শতাংশ হারে বিদেশে রপ্তানির সুযোগ রাখা হয়েছে। মি. ইমাম বলছেন শুরুতে কোম্পানিগুলোকে আকর্ষণের জন্য যেসব সুবিধার কথা বলা হয়েছে তা যৌক্তিক মনে করেন তিনি। তার কথায়, ”তাদের অনুসন্ধানে গ্যাস বা তেল পাওয়া গেলে তখন আহরণের জন্য যে চুক্তি হবে সেখানে সরকারের কঠোর হওয়ার সুযোগ থাকবে। এখন জরুরি হলো অনুসন্ধান করে উত্তোলনের আয়োজন করা।„

সরকারের বিজ্ঞপ্তি অনুযায়ী এবারের দরপত্রে অংশ নিতে হলে একটি কোম্পানির সাগর থেকে প্রতিদিন পনেরো ব্যারেল তেল বা ১৬ কোটি ঘনফুট গ্যাস উৎপাদনের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া কোম্পানিগুলোকে নিজ দেশের বাইরেও সমুদ্রে তেল গ্যাস উত্তোলন ও অনুসন্ধানের অভিজ্ঞতা থাকতে হবে। জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছেন বিশ্বে জ্বালানি খাতের শীর্ষ প্রতিষ্ঠান এক্সন মবিল কিছুদিন আগে বঙ্গোপসাগরের সব ব্লক ইজারা চেয়েছিল। তার কথায়, ”আমরা তাদের দরপত্রে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছি। তবে এক্সন মবিলের মতো প্রতিষ্ঠানের এমন প্রস্তাব একটি ইঙ্গিত দেয় যে কেন আমাদের সাগর এলাকা গুরুত্বপূর্ণ। সাগর থেকে গ্যাস আহরণের কাজ আমরা দ্রুততর সময়ে করতে চাই। এটিই আমাদের পরিকল্পনা এবং এটিই আমরা অর্জন করতে চাই। এ জন্যই প্রতিযোগিতামূলক দরে যেন কাজ দেয়া যায় সেজন্য খোলা দরপত্র আহ্বান করা হয়েছে। দেশের পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়েছে। দ্যা ইকনমিস্টেও বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। সেপ্টেম্বর পর্যন্ত সময় দেওয়া হয়েছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন নসরুল হামিদ।

জানা গেছে দ্বাদশ সংসদ নির্বাচনের আগে এক্সন মবিলের সাথে একটি চুক্তির উদ্যোগ নিয়েও সরকার সরে আসে ও পরে আন্তর্জাতিক দরপত্রের সিদ্ধান্ত নেয়। আবার মিয়ানমার ও ভারতের সাথে জলসীমা আন্তর্জাতিক আদালতে চূড়ান্ত হওয়াটাও বিদেশি কোম্পানিগুলোর জন্য স্বস্তিদায়ক কাজের পরিবেশ নিশ্চিত করবে বলে মনে করছে সরকার। বদরুল ইমাম বলছেন এক্সন মবিল বিশ্বে এ খাতের অর্থাৎ অফশোর এক্সপ্লোরেশনে সবচেয়ে বড় প্রতিষ্ঠান এবং তারা সব ব্লক ইজারা নেয়ার আগ্রহ প্রকাশ করায় এখন অন্য কোম্পানিগুলোও আগ্রহী হতে পারে। "আসলে এ ধরনের কোম্পানি নিজস্ব গবেষণা ছাড়া সাধারণত কোনও এলাকায় যেতে চায় না। বঙ্গোপসাগরের বিষয়ে তাদের আনুষ্ঠানিক প্রস্তাবের কারণে এখন আন্তর্জাতিক দরপত্রে আরও অনেক কোম্পানির প্রস্তাব আসার সম্ভাবনা তৈরি হয়েছে,„ বলছিলেন মি. ইমাম। ঢাকায় কর্মকর্তারা বলছেন, জলসীমা আলাদা হওয়ার পর মিয়ানমার অনেক বড় একটি গ্যাসক্ষেত্র যেখানে পেয়েছে সেটি আগে বাংলাদেশের অংশেই ছিল। ফলে তার পাশে এখনকার বাংলাদেশ অংশে গ্যাস পাওয়ার সম্ভাবনা জোরালো বলেই মনে করছেন তারা। এছাড়া বাংলাদেশ নিজেও একটি মাল্টিক্লায়েন্ট টুডি সার্ভে পরিচালনা করেছে। ফলে ওই অঞ্চল সম্পর্কে একটি প্রাথমিক ধারণা বা তথ্য উপাত্ত এখন সরকারের হাতে আছে। "যদিও তেল গ্যাসের প্রকৃত চিত্র জানতে ও আহরণ শুরু করতে ৮/১০ বছর পর্যন্ত সময় লাগতে পারে। দরপত্রের পর সাইট চূড়ান্ত, নানা ধরনের জরিপসহ বিভিন্ন ধাপের কাজ শেষ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো জানতে পারবে এ সম্পর্কে। তারপর আহরণের বিষয় আসবে,„ বলছিলেন প্রতিমন্ত্রী নসরুল হামিদ। ঢাকায় কর্মকর্তাদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী বঙ্গোপসাগরে গ্যাস অনুসন্ধান নিয়ে আগেও বিচ্ছিন্নভাবে বিভিন্ন বিদেশি কোম্পানি কাজ করেছে। তবে ড্রিল বা খনন করার পর্যায় পর্যন্ত গিয়েই সরে গেছে তারা। ধারণা করা হচ্ছে, এসব কোম্পানি হয়ত মনে করেছে যে লেভেলে গ্যাস পাওয়া যেতে পারে সেখান থেকে উত্তোলন তাদের জন্য লাভজনক নাও হতে পারে।

ভারত ও মিয়ানমারের সাথে সমুদ্রসীমা মামলায় জয়ের পর বাংলাদেশের যে এলাকা চূড়ান্ত হয়েছে তাতে ঠিক কতটা গ্যাস আছে তা নিয়ে জানার জন্য আন্তর্জাতিকভাবে সুপ্রতিষ্ঠ প্রতিষ্ঠানগুলোকে গ্যাস অনুসন্ধান ও আহরণের কাজে সংযুক্ত করার জন্য অনেক দিন ধরেই বিশেষজ্ঞরা তাগিদ দিয়ে আসছিলেন। এর আগে ২০০৮ সালে তখনকার তত্ত্বাবধায়ক সরকার একটি আন্তর্জাতিক দরপত্র ডেকেছিল। তখন যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান কনোকো ফিলিপস দুটি ব্লকের কাজ পেয়েছিল। কিন্তু পরে সরকারের সঙ্গে দাম নিয়ে সমঝোতা না হওয়ায় তারা সরে যায়। এরপর ২০১৬ সালে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে চারটি বিদেশি কোম্পানি সাগরে কাজ শুরু করলেও এর তিনটিই পরে কাজ শেষ না করেই চলে যায়। এখন শুধু ভারতীয় একটি প্রতিষ্ঠান কাজ চালিয়ে যাচ্ছে। আবার সে সময়কার প্রস্তাব বিনিয়োগকারীদের জন্য আকর্ষণীয় ছিল না বলেও সমালোচনা আছে। এ অবস্থায় ২০১৯ সালে পিএসসি সংশোধন করে সরকার, যাতে গত বছরেও কিছু সংশোধনী আনা হয়। শেষ পর্যন্ত এরপর এক্সন মবিলের প্রস্তাবে আন্তর্জাতিক দরপত্র আহ্বানের প্রস্তুতিতে গতি আসে। (বিবিসি ওয়েব পেজ:১১.০৩.২০২৪ রিহাব)

## ডিএনএ টেস্টে জানা গেল আগুনে নিহত নারী সাংবাদিকের আসল পরিচয়

ডিএনএ পরীক্ষার মাধ্যমে প্রায় দুই সপ্তাহ পরে ঢাকার বেইলি রোডের আগুনে মারা যাওয়া নারী সাংবাদিকের আসল পরিচয় জানা গেছে। রোববার রাতে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) জানিয়েছে, সাংবাদিক মহলে অভিশ্রুতি শাস্ত্রী হিসাবে পরিচিত হলেও ওই নারী সাংবাদিকের প্রকৃত নাম বৃষ্টি খাতুন। কুষ্টিয়ায় জন্ম নেয়া বৃষ্টি খাতুনের পিতা সাবলুল আলম এবং মা বিউটি খানম। তার পরিচয় প্রকাশের পর রমনা কালী মন্দিরের কর্তৃপক্ষ বলছে, পরিচয় গোপন রেখে কেন তিনি মন্দিরে পূজা করতে আসতেন, তারা সেটির তদন্ত চান। সোমবার কালী মন্দিরের সভাপতি উৎপল সাহা বিবিসি বাংলাকে বলেন, তার পরিচয় প্রকাশের পর আমাদের মধ্যে এক ধরনের শঙ্কা কাজ করছে। যে কোন ধর্মের যে কেউ মন্দিরে যেতে পারে। কিন্তু বৃষ্টি খাতুন কেন পরিচয় গোপন রেখে মন্দিরে যেতেন সেটা নিয়ে আমাদের সন্দেহ হচ্ছে। আমরা চাই বিষয়টি তদন্ত করে দেখা উচিত। গত ২৯ ফেব্রুয়ারি বেইলি রোডের অগ্নি দুর্ঘটনার নিহত হওয়ার পর সাংবাদিক অভিশ্রুতি শাস্ত্রী বা বৃষ্টি খাতুনের পরিচয় নিয়ে অস্পষ্টতা তৈরি হয়। `অভিশ্রুতি শাস্ত্রী, নামে পরিচিত সাংবাদিক কাজ করতেন `দ্যা রিপোর্ট ডট লাইভ, নামের একটি নিউজ পোর্টালে। ঢাকায় তিনি সনাতন ধর্মের রীতি-নীতি অনুসরণ করতেন বলে পরিচিতরা জানিয়েছেন। অন্যদিকে মরদেহ শনাক্তের পর গত পহেলা মার্চ কুষ্টিয়ার সাবরুল আলম সবুজ নিজেকে ঐ নারী সাংবাদিকের পিতা দাবি করেন। ফিঙ্গারপ্রিন্টের মাধ্যমে তার নাম বৃষ্টি খাতুন বলে দেখতে পেয়ে লাশ হস্তান্তরের উদ্যোগ নিয়েছিল পুলিশ। এমন প্রেক্ষাপটে আসল পরিচয় শনাক্ত না করে তার মরদেহ হস্তান্তর না করার জন্য অনুরোধ করে রমনা কালী মন্দিরের কর্তৃপক্ষ। এরপরে পুলিশ ডিএনএ পরীক্ষার মাধ্যমে পরিচয় শনাক্ত করার সিদ্ধান্ত নেয়। সিআইডির ফরেনসিক বিভাগের প্রধান ডিআইজি নাহিদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "ডিএনএ টেস্টের রিপোর্টে বাবা মায়ের দেয়া নমুনার সাথে মিল পাওয়া গেছে„। তবে, বৃষ্টি খাতুনের বাবা সাবরুল আলম সবুজ বিবিসি বাংলাকে বলেছেন, "রিপোর্ট কী আসবে সেটা তো অজানা কিছু না। আমরা সবাই মেয়ের মরদেহ নেয়ার জন্য ঢাকায় অপেক্ষা করছি„। সিআইডি ডিএনএ টেস্টের এই রিপোর্টের কথা গণমাধ্যমকে জানালেও পুলিশ বলছে তাদের হাতে এখনো এই রিপোর্ট আসেনি ।

রমনা থানার ওসি উৎপল বড়ুয়া বিবিসি বাংলাকে বলেন, ”রিপোর্টের কাগজ হাতে না পেলে আমরা কোনো ধরনের ব্যবস্থা নিতে পারব না„। পরিচয় জটিলতার কারণে ডিএনএ টেস্টের মাধ্যমে পরিবারের কাছে লাশ হস্তান্তরের সিদ্ধান্ত নেয়া হয় গত পহেলা মার্চ শুক্রবার রাতে। পরদিন শনিবার ঢাকা মেডিকেল কলেজের মর্গ থেকে নমুনা নেয়া হয় অভিশ্রুতি নামধারী সাংবাদিক বৃষ্টি খাতুনের। পরদিন রোববার পিতা সাবরুল আলম সবুজ ও মা বিউটি খাতুনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডি। ডিএনএ,র নমুনা দেয়ার পর তখন ঢাকা মেডিকেলের ফরেনসিক বিভাগ বিবিসি বাংলাকে জানিয়েছিলেন, এই ধরনের পরীক্ষায় কমপক্ষে এক থেকে দুই সপ্তাহ সময় লাগে। রোববার রাতে ডিএনএ নমুনার এই ফলাফল সিআইডির হাতে আসে। সিআইডির ফরেনসিক বিভাগের প্রধান ডিআইজি নাহিদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, ”ওর বাবা-মা দুইজনেরই আমরা নমুনা নিয়েছিলাম। ওই নারী সাংবাদিকের ডিএনএ তার পিতা মাতার ডিএনএর সাথে মিলছে„। মি. ইসলাম জানান, এই রিপোর্টের বিষয়টি মামলার তদন্ত কর্মকর্তাকে জানানো হয়েছে। তিনি বলেন, ”রেজাল্ট কাগজে কলমে যেতে সময় লাগে। আমরা সাধারণত সেনসেটিভ কেসগুলোতে রেজাল্ট দ্রুত জানিয়ে দেই। তবে এই রিপোর্ট কাগজে কলমে আরও এক দুই দিন পরে যেতে পারে।'' বৃষ্টি খাতুনের বাবা সাবরুল আলম সবুজ বিবিসি বাংলাকে বলেন, ”আমরা সবাই ঢাকায় আছি। আমরা রিপোর্ট না পাওয়া পর্যন্ত বলতে পারবো না কবে মেয়েকে নিজেদের হাতে পাবো„। ওই অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে রাজধানীর বেইলি রোডে। এ কারণে এই বিষয়টি তদন্তের দায়িত্ব পড়ে রমনা থানার ওপর। রোববার রাতে রমনা থানার ওসির সাথে কথা বলে বিবিসি বাংলা। সিআইডি এই রিপোর্ট পুলিশের কাছে দেয়ার কথা বললেও পুলিশ বলছে এখনো তারা কোন রিপোর্ট হাতে পায়নি। রমনা থানার ওসি উৎপল বড়ুয়া বিবিসি বাংলাকে বলেন, ”হিসাব অনুযায়ী ওসির কাছে কাগজ পাঠানোর কথা। আমার কাছে কাগজ এখনো আসে নাই। আর কাগজ না পেলে তো আমরা পরবর্তী প্রক্রিয়া শুরু করতে পারি না। রিপোর্ট কাগজে কলমে হয়তো প্রস্তুত হচ্ছে। আমাদের কাছে সাবমিট করার আগ পর্যন্ত বলতে পারবো না আসলে কবে কিংবা কিভাবে মরদেহ হস্তান্তর করা হবে„ তিনি বলেন। গত ২৯ ফেব্রুয়ারি মরদেহ শনাক্ত হওয়ার পর থেকে একদিন মরদেহটি ছিলও শেখ হাসিনা বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে। ডিএনএর নমুনা সংগ্রহের জন্য পরদিন মরদেহ নেয়া হয় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে।

বেইলি রোডের ওই অগ্নি দুর্ঘটনায় মোট ৪৬ জন মারা যায়। এর পরদিন শেখ হাসিনা বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউট থেকে মোট ৪৪ জনের মরদেহ হস্তান্তর করা হয়। লাশ শনাক্ত হলেও তখন নাম ও ধর্ম পরিচয় নিয়ে জটিলতা তৈরি হলে বৃষ্টি খাতুনের মরদেহ নিতে পারেনি পুলিশ। ঐ দুর্ঘটনায় মারা যায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের শিক্ষার্থী নাজমুল ইসলামও। বৃষ্টির লাশ শনাক্ত হলেও ঐ সময় শনাক্ত করা সম্ভব হয়নি নাজমুলের মরদেহটি। রোববারের ডিএনএ রিপোর্টে বৃষ্টি খাতুনের পরিচয়ের পাশাপাশি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নাজমুলের পরিচয়ও শনাক্ত হয়। ডিএনএ টেস্টের রিপোর্ট অনুযায়ী নাজমুল নজরুল ইন্ডাস্ট্রিজের মালিক নজরুল ইসলামের ছেলে। মি. ইসলামের চার সন্তানের মধ্যে নাজমুল ছিলও দ্বিতীয়। সিআইডির ফরেনসিক বিভাগের ডিআইজি নাহিদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, ”শিগগিরই রিপোর্টের ফাইল তৈরি হলে আমরা তা হস্তান্তর করবো পুলিশের কাছে। কিন্তু সেনসেটিভ ঘটনা হওয়ায় দুটি লাশের পরিচয়ের কথা আমরা পুলিশকে জানিয়েছি„। ঐ নারী সাংবাদিক গত আট মাস ধরে নির্বাচন কমিশন বিটের সংবাদ সংগ্রহ করতেন। দ্বাদশ জাতীয় নির্বাচনের পর ফেব্রুয়ারিতে তিনি ঐ প্রতিষ্ঠানের চাকরি ছেড়ে দেন। তার যোগ দেয়ার কথা ছিলও আরেকটি সংবাদ মাধ্যমে। তার সহকর্মীরা জানান, গত বৃহস্পতিবার রাতে রাজধানীর বেইলি রোডে গ্রিন কোজিতে অগ্নিকাণ্ডের সময় তিনি তার বন্ধু তুষার হালদারসহ ছিলেন ঐ ভবনে। ঐ রাতের পর থেকে তার আর কোন খোঁজ পাওয়া যাচ্ছিলো না। শুক্রবার সকালে রাজধানীর শেখ হাসিনা বার্ন ইন্সটিটিউটের মর্গে পাওয়া যায় তার বন্ধু তুষার হালদারের মরদেহ। এর কিছুক্ষণ পর সহকর্মীরা ঐ নারী সাংবাদিকের লাশ শনাক্ত করেন শেখ হাসিনা জাতীয় বার্ন ইন্সটিটিউটে। লাশ শনাক্তের পর তার পরিবারের সদস্যদের সাথে তাৎক্ষণিক যোগাযোগের চেষ্টা করে সহকর্মীরা। তার বায়োডাটায় দেয়া ঠিকানা অনুযায়ী যোগাযোগের চেষ্টা করেন সহকর্মীরা। কিন্তু সেখানে কেউ তার কোন ঠিকানা দিতে পারেনি„। পরবর্তীতে তার গ্রামের বাড়ি কুষ্টিয়ার খোকসা থানার বনগ্রামে যোগাযোগ করা হয়। কয়েক দফার চেষ্টার পর দুপুরের দিকে তার পিতার নম্বর পেয়ে সহকর্মীরা যোগাযোগ করে। দুপুরের পর শেখ হাসিনা বার্ন ইন্সটিটিউটে ছুটে আসেন এক ব্যক্তি। তখন ঐ ব্যক্তি জানান তার নাম সাব-রুল আলম সবুজ। তিনি নিহত ঐ তরুণীর মরদেহটি দেখে কান্নায় ভেঙ্গে পড়েন। শনাক্ত করেন লাশটি তার মেয়ের। তিনি তখন জানান, ”ওর নাম অভিশ্রুতি না বৃষ্টি খাতুন। গ্রামে নাম বৃষ্টি, স্কুলে নাম বৃষ্টি, কুষ্টিয়া গভর্নমেন্ট মহিলা কলেজে যখন পড়েছে তখনও তার নাম বৃষ্টি, ইডেনে ভর্তিও হয়েছিলো একই নামে„। তখন তার নাম বৃষ্টি খাতুন বলার পর বিষয়টি নিয়ে একটা ধোঁয়াশা তৈরি হয়। তখন সাব-রুল আলম সবুজ তার নিজের ও মেয়ের জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য তথ্যও দেখান পুলিশ ও উপস্থিত সহকর্মীদের„। সাংবাদিকতা পেশায় ঐ নারী সাংবাদিককে সবাই অভিশ্রুতি শাস্ত্রী নামেই চিনতেন। সেই নামেই খবর লিখতেন। তার ফেসবুক নামও বাংলায় আছে `অভিশ্রুতি শাস্ত্রী„ নামে। ঐ নারী সাংবাদিকের জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র, ইডেন কলেজের তথ্য এবং চাকরির

জন্মবৃত্তান্তে বাবা-মায়ের নামে বিভিন্ন রকম তথ্য পাওয়া গেছে। তবে, স্থায়ী ঠিকানা সব জায়গায় একই। বৃষ্টি খাতুনের জাতীয় পরিচয়পত্র থেকে দেখা যায় ২০২১ সালের জুলাই মাসে নির্বাচন কমিশন থেকে তার যে জাতীয় পরিচয়পত্র তৈরি হয়েছে সেখানে তার নাম রয়েছে বৃষ্টি খাতুন। আর পিতার নাম সবুজ শেখ আর মাতার নাম বিউটি বেগম। মেয়ে মারা যাওয়ার পরদিন সাবরুল আলম সবুজ বিবিসি বাংলাকে বলেন, "অভিশ্রুতি ওর নিজের দেয়া নাম। ওটা সাজানো নাম। গ্রাম, স্কুল কলেজ সব জায়গায় ওকে বৃষ্টি নামেই চেনে"।

নির্বাচন কমিশনের তথ্যে দেখা যায় ২০২৩ সালে নির্বাচন কমিশনে তার পুরনো জাতীয় পরিচয়পত্র বা এনআইডি সংশোধনের আবেদন করেন। সেখানে তিনি তার 'বৃষ্টি খাতুন' নাম সংশোধন করে 'অভিশ্রুতি শাস্ত্রী' করার আবেদন করেন। একই সাথে জন্ম নিবন্ধন অনুযায়ী বয়সও দুই বছর কমানোর আবেদন করেন"। নাম সংশোধন করতে গিয়ে তিনি একটি জন্ম নিবন্ধন সনদ জমা দেন নির্বাচন কমিশনে। যেখানে দেখা যায় তার নাম অভিশ্রুতি শাস্ত্রী, বাবার নাম সাবরুল আলম আর মায়ের নাম বিউটি বেগম। এই সনদে তার জন্ম তারিখ ২৫শে ডিসেম্বর ২০০০ সাল। তবে ঐ জন্ম নিবন্ধন সনদটির সত্যতা যাচাই করে দেখা গেছে যেটি কুষ্টিয়ার আফরোজা খাতুন নামের আরেক নারীর জন্ম সনদ। যার জন্ম তারিখ ২৫শে ডিসেম্বর ২০০০ সাল। ঐ জন্ম নিবন্ধন সনদ দিয়ে 'বৃষ্টি খাতুন' নাম সংশোধনের আবেদন করলেও নির্বাচন কমিশন থেকে পাওয়া তথ্য খুঁজে দেখা যাচ্ছে, তার এনআইডি সংশোধনের আবেদন এপ্রুভড হয়নি।

বৃষ্টি খাতুন চাকরির জন্য যে জীবন বৃত্তান্ত বা বায়োডাটা প্রস্তুত করেছিলেন, সেখানে তার নাম অভিশ্রুতি শাস্ত্রী এবং পিতা অভিরূপ শাস্ত্রী ও মাতা অর্পণা শাস্ত্রী লেখা রয়েছে। যাতে তার ধর্ম পরিচয়ের জায়গায় লেখা রয়েছে 'সনাতন'। তার বন্ধু ও সহকর্মীরা জানান, হিন্দু ধর্ম মেনে পূজা করা কিংবা অন্য ধর্মীয় আচার-রীতি পালনের ছবি ফেসবুক পোস্টে সে প্রচার করতেন। বেইলি রোডের অগ্নিকাণ্ডের পরদিন সকালে ঐ নারী সাংবাদিকদের মরদেহ শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে শনাক্তের পর দুপুরের দিকে সেখানে যান রমনা কালি মন্দিরের সভাপতি উৎপল সাহা। সেখানে ঐ নারী সাংবাদিকের পিতা ও পরিবারের সদস্যরা তাকে মুসলিম দাবি করলে তখন সনাতন ধর্মাবলম্বীরা বিষয়টি নিয়ে ক্ষুব্ধ হন। তখন সাবরুল আলম সবুজকে পুলিশ আটকও করে পরে আবার ছেড়ে দেয়। তখন রমনা কালি মন্দিরের সভাপতি উৎপল সাহা বিবিসি বাংলাকে বলেন, "মেয়েটা আমাদের মন্দিরে আসতো, পূজা দিতো। সব সময় তুলশী মালা পড়তো। আমাদের ঠাকুর কর্তা তাকে পূজা দেয়াতো"। এ কারণেই সেদিন রাতে মূলত রমনা কালি মন্দির কর্তৃপক্ষ থানায় একটি লিখিত আবেদনে করে জানায়, ঐ নারী সাংবাদিক হিন্দু ধর্মে বিশ্বাসী। কিন্তু তার পরিবার তাকে মুসলিম দাবি করার কারণেই তারা পরিচয় শনাক্ত না করে হস্তান্তরে আপত্তি জানিয়েছে। দুদিন পরে গত ৩রা মার্চ রমনা কালি মন্দিরের সভাপতি উৎপল সাহা বিবিসি বাংলাকে বলেন "এটা এখন আমাদের কাছে অনেকটাই স্পষ্ট যে আসলে কে। আমরা চাই তার পিতার কাছে তাকে ফিরিয়ে দেয়া হোক। আমরা জানতাম না বলেই সেখানে গিয়েছিলাম"। (বিবিসি ওয়েব পেজ:১১.০৩.২০২৪ রিহাব)

## মালয়েশিয়ায় কর্মী পাঠাতে খরচ কমবে এবার?

মালয়েশিয়া সরকার দেশটিতে 'সিন্ডিকেট' করা বাংলাদেশি এজেন্সিগুলোর 'ভিসা হ্যান্ডলিং' কার্যক্রম বন্ধ করায় সেখানে যেতে আগ্রহী কর্মীদের খরচ কমার সম্ভাবনা তৈরি হয়েছে বলে মনে করছেন বিশ্লেষক ও সাধারণ এজেন্টরা। তবে, এতে অন্যতম বড় এই শ্রমবাজারে অবস্থান হারানো নিয়ে শংকাও তৈরি হয়েছে কারো কারো মধ্যে। মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন নাসুশন বিন ইসমাইল গত শুক্রবার এক সংবাদ সম্মেলন করেন। যার বিষয়বস্তু ছিল মানবাধিকার সংস্থা ও গণমাধ্যমের উত্থাপিত বিভিন্ন প্রশ্নের উত্তর ও সরকারের নতুন কিছু সিদ্ধান্ত জানানো। সংবাদ সম্মেলনে বলা হয়, দেশটির সরকার অনুমোদিত যেসব বাংলাদেশি প্রতিষ্ঠান এতোদিন ধরে সেদেশে কর্মী পাঠাতে ভিসা সংক্রান্ত বিষয়গুলো দেখভাল করতো তাদের বদলে এখন থেকে নিয়োগকর্তাই সরাসরি ভিসার জন্য আবেদন করতে পারবেন। "ইমিগ্রেশন বিভাগের মাইভিসা পোর্টালে ই-ভিসার জন্য এখন থেকে সরাসরি আবেদন করতে পারবেন নিয়োগকর্তারা" বলেন মি. নাসুশন। মালয়েশিয়ায় কর্মী পাঠানোর সঙ্গে জড়িত কিন্তু সিন্ডিকেটভুক্ত নয় এমন একটি এজেন্সির প্রধান (নাম প্রকাশে অনিচ্ছুক) বিবিসি বাংলাকে বলেন, এতোদিন যেহেতু ওই তালিকাভুক্ত এজেন্সিগুলোর নামেই শুধু ভিসা মঞ্জুর হতো, প্রতি ভিসার বিপরীতে তাদের এক লাখ সাত হাজার টাকা করে দিতে হতো। এখন সিন্ডিকেটের দৌরাত্ম্য না থাকলে শ্রমিকদের লাখ টাকার বেশি খরচ বেঁচে যাবে বলে মনে করেন তিনি। "বাংলাদেশ সরকারের লাইসেন্সপ্রাপ্ত দুই হাজার সাতশো এজেন্সি আছে। আমরা তো বৈধ রিক্রুটিং এজেন্সি। তাহলে শুধু একশো জন কেন ভিসার অনুমোদন পাবে।" সাধারণ জনশক্তি রপ্তানিকারকদের সাথে কথা বলে জানা যায়, যেহেতু প্রায় পৌনে তিন হাজার এজেন্সির সঙ্গে কাজ করা মালয়েশিয়া সরকারের পক্ষে সম্ভব নয়। ভিসা আবেদনের ক্ষেত্রে সিন্ডিকেটের বাইরের একটা এজেন্সিকে শ্রমিকের পাওয়ার অফ অ্যাটর্নি হতে হয়। আর 'ভিসা হ্যান্ডলিং' করে সিন্ডিকেটভুক্ত এজেন্সি।

তবে, মালয়েশিয়ার সরকারের সিদ্ধান্ত কিছু সংশয়ের জন্ম দিয়েছে বলে মনে করেন জনশক্তি রপ্তানিকারকদের সংগঠন বায়রার মহাসচিব আলী হায়দার চৌধুরী। "এক বছর ধরে তো নতুন কোনো অ্যাপ্রুভাল দেয়া হচ্ছে না। বর্তমানে যেসব অ্যাপ্রুভাল প্রস্তুত আছে কিন্তু শ্রমিকরা ভিসার আওতায় আসেননি বা যেতে পারেননি তাদের জন্যই মূলত এই

নির্দেশনা।„ এখনো এজেন্সিগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা থেকে যাচ্ছে, কারণ `প্রসেসিং, তাদের মাধ্যমেই করতে হবে, বিবিসি বাংলাকে এমনটাই ধারণা দিলেন তিনি। মি. চৌধুরীর মতে, যে কোনো পদ্ধতিতে `মাইগ্রেশন কস্ট, কমা উচিত। অভিবাসন সংক্রান্ত গবেষণা সংস্থা রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্ট রিসার্চ ইউনিট বা 'রামরু'-র চেয়ারম্যান অধ্যাপক তাসনিম সিদ্দিকী বিবিসি বাংলাকে বলেন, এটা একটা ভালো খবর। মালয়েশিয়া সরকারকে সাধুবাদ জানানো উচিত। ”সরকার যেখানে সবাইকে লাইসেন্স দিয়েছে। সেখানে, কয়েকজনকে সিন্ডিকেট করে দেয়াটা অন্যায়।„ বছর দুয়েক আগে দেশটিতে শ্রম রপ্তানির ক্ষেত্রে সিন্ডিকেট বিরোধী আন্দোলন গড়ে উঠেছিল বাংলাদেশের সাধারণ রপ্তানিকারকদের মধ্যে। পরবর্তীতে আন্দোলনে নেতৃত্ব দেয়া এজেন্সিগুলোর একটা অংশকে সিন্ডিকেটভুক্ত করা হয়েছিল। সেই প্রসঙ্গ টেনে অধ্যাপক তাসনীম সিদ্দিকী বলেন, আন্দোলন করার পরে দেখা গেল যারা আন্দোলন করেছে তাদের সিন্ডিকেটে নিয়ে নেয়া হলো। ফলে ওই রিক্রুটিং অ্যাজেন্সিগুলোর কোনো নৈতিক অবস্থান ছিল না। ভবিষ্যতে যেন সবাই সমান সুযোগ পায় এমন তাগিদ দিলেন এই অভিবাসন বিশেষজ্ঞ।

বাংলাদেশের প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের একজন শীর্ষ কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, ”মালয়েশিয়া সরকার মূলত তাদের উদ্যোক্তা ও অভিবাসী শ্রমিক নিয়োগকারীদের জন্য ব্যবস্থাপনায় পরিবর্তন আনছে। বাংলাদেশি এজেন্সিগুলো এর মূল টার্গেট নয়।„ সম্প্রতি দেশটির গণমাধ্যমগুলোতে বেশ কিছু প্রতিবেদন প্রকাশিত হয়। যাতে অভিবাসী শ্রমিকদের মালয়েশিয়া গিয়ে প্রতারিত হওয়ার ঘটনা তুলে ধরা হয়েছে। কুয়ালালামপুর ভিত্তিক বাংলাদেশি প্রবাসী সাংবাদিক আহমেদুল কবির বিবিসি বাংলাকে বলেন, ২০২২ সালে এখানকার শ্রমবাজার উন্মুক্ত হওয়ার পর চার লাখের বেশি কর্মী এসেছেন। ”তাদের মধ্যে দুই থেকে আড়াই লাখ শ্রমিক কাজ পেয়েছেন। বাকিদের কর্মসংস্থান মেলেনি,„ বলেন মি. কবির। এর মধ্যে অভিবাসী শ্রমিকদের জীবনমান নিয়ে মানবাধিকার সংস্থাগুলোর তরফেও নানা প্রশ্ন তোলা হয়। সাংবাদিক আহমেদুল কবির বলেন, ”বিভিন্ন কোম্পানি যে শ্রমিকদের এনে কাজ দিতে পারছে না, ডরমিটরিতে মানবেতর অবস্থায় অনেকটা বন্দি করে রাখছে এসব অভিযোগের প্রমাণ পাওয়া গেছে।„ এর পরিপ্রেক্ষিতে অভিবাসী শ্রমিকের সংখ্যা, তাদের অভিবাসন ও কর্মসংস্থানের মতো বিষয়গুলো পুনর্বিবেচনা করার সিদ্ধান্ত নেয় মালয়েশিয়া সরকার। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে উল্লেখ করা হয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলো প্রতিটি সেক্টরে জনবলের বর্তমান অবস্থা খতিয়ে দেখছে। বিবেচনা করা হচ্ছে জনশক্তির সম্ভাব্য প্রয়োজনীয়তা। নতুন করে কোটা খোলার প্রয়োজন পড়বে কিনা সে সিদ্ধান্তে পৌঁছানোও সহজ হবে এই পদক্ষেপের কারণে।

বাংলাদেশি অভিবাসী শ্রমিকদের নিয়োগের জন্য নিয়োগকর্তাদের প্রয়োজনীয় সহায়তা করা হচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রী সংবাদ সম্মেলনে বলেন, ”অব্যবহৃত কোটা ৩১ মার্চের পরে বাতিল হয়ে যাবে। আর ১ জুন থেকে এসব কোটার অধীনে বিদেশি শ্রমিকদের প্রবেশ করতে দেবে না পুত্রজায়া।„ যদিও সরকারের এই সিদ্ধান্তে অসন্তোষ জানিয়েছেন উদ্যোক্তারা। ফেডারেশন অফ মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং মালয়েশিয়ান ইন্টারন্যাশনাল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি,র ভাষ্য, হুট করে এমন পদক্ষেপে সংশ্লিষ্ট ব্যবসায়িক খাতগুলোতে অচলাবস্থা তৈরি হবে। বাংলাদেশের বৈদেশিক শ্রমবাজার হিসেবে মালয়েশিয়া খুব গুরুত্বপূর্ণ। মালয়েশিয়ার সাথে বাংলাদেশের কর্মী নিয়োগের বিষয়ে প্রথম আনুষ্ঠানিক চুক্তি হয়েছিলো ১৯৯২ সালে। কিন্তু কয়েক বছর চলার পর সেটি বন্ধ হয়ে যায়। এরপর ২০০৬ সালে আবার কর্মী প্রেরণ শুরু করে বাংলাদেশ। কিন্তু বিপুল সংখ্যক অবৈধ বাংলাদেশি ধরা পড়ার পর ২০০৯ সালে মালয়েশিয়ায় শ্রমবাজারে বাংলাদেশকে নিষিদ্ধ করা হয়। এরপর দু'দেশের মধ্যে আলোচনার পর ২০১২ সালে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে আবার নতুন চুক্তি হয়। কিন্তু কর্মী প্রেরণে সিন্ডিকেটের দৌরাত্ম্যসহ নানা অভিযোগে ২০১৮ সালে সেটি বন্ধ করে মাহাথির মোহাম্মদের সরকার। ২০২১ সালের ডিসেম্বর মাসে বাংলাদেশের সাথে মালয়েশিয়ার সরকার কর্মী প্রেরণ বিষয়ক একটি সমঝোতা স্বারক সই করে। তবে তারপরও কর্মী নিয়োগ বন্ধ ছিল। কারণ মালয়েশিয়ার তরফ থেকে শুধুমাত্র ২৫টি রিক্রুটিং এজেন্সির মাধ্যমে কর্মী নেওয়ার সিদ্ধান্তের কথা জানানো হয়। বাংলাদেশের এজেন্সিগুলো এই সিদ্ধান্তের বিরোধিতা করে। বাংলাদেশের সরকারও বিষয়টি নিয়ে দ্বিমত পোষণ করে। এরপর থেকে ছয় মাস যাবৎ দুই দেশের সরকারের মধ্যে শুধু চিঠি চালাচালি হয় এবং যৌথ ওয়ার্কিং গ্রুপের বৈঠক বারবার মালয়েশিয়ার তরফ থেকে পিছিয়ে দেয়া হয়। ওই বছরের জুন মাসের দুই তারিখ বাংলাদেশের প্রবাসী কল্যাণ মন্ত্রী ইমরান আহমদ এবং মালয়েশিয়ার মানবসম্পদ মন্ত্রী এম সারাভানানের উপস্থিতিতে ঢাকায় দুই দেশের একটি যৌথ ওয়ার্কিং গ্রুপের বৈঠকে বিষয়টির এক ধরনের সুরাহা হয়। নির্দিষ্ট সংখ্যায় এজেন্সির উল্লেখ না থাকলেও মালয়েশিয়া শুধুমাত্র তার পছন্দমতো এজেন্সির মাধ্যমে কর্মী নেবে সেই সিদ্ধান্ত হয়। কয়েকজন জনশক্তি রপ্তানিকারকরা জানালেন, ”মালয়েশিয়ায় ডিমান্ড আছে। নতুন অর্ডার আসতে পারে।„ কিন্তু, নতুন বাস্তবতায় তা বাংলাদেশে আসবে কি না সেটি নিয়ে সংশয় প্রকাশ করেছেন তারা। (বিবিসি ওয়েব পেজ:১১.০৩.২০২৪ রিহাব)

**ভারতে সংশোধিত নাগরিকত্ব আইন কার্যকর**

ভারত সরকার সোমবার সন্ধ্যায় ঘোষণা করেছে যে এদিন থেকেই সংশোধিত নাগরিকত্ব আইন চালু হতে চলেছে। ২০১৯ সালে এটি পাশ করা হলেও এতদিন আইনটির ধারা বা রুল তৈরি হয়নি। এখন সে কাজ সম্পন্ন করে আইনটি বলবৎ করছে সরকার। এই প্রথমবার ভারতের নাগরিকত্বের ক্ষেত্রে আবেদনকারীর ধর্মীয় পরিচয় দিতে হবে। দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এক্স-এ (সাবেক টুইটার) জানিয়েছেন সংশোধিত নাগরিকত্ব আইন বা সিএএ-র ধারা বা রুলগুলির আনুষ্ঠানিক নাম নাগরিকত্ব (সংশোধিত) ধারা, ২০২৪। এই ধারা অনুযায়ী ভারতে নাগরিকত্বের জন্য আবেদন করা যাবে সম্পূর্ণ অনলাইন মাধ্যমে। সংশোধিত নাগরিকত্ব আইন অনুযায়ী বাংলাদেশ, পাকিস্তান, আফগানিস্তান থেকে সেদেশের সংখ্যালঘু হিন্দু, বৌদ্ধ, পার্শি, শিখ, জৈন ও খ্রিস্টান ধর্মাবলম্বীরা যদি ২০১৪ সালের ৩১শের ডিসেম্বরের আগে ভারতে চলে এসে থাকেন তাহলে তারা ভারতে নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবেন। এতদিন বলা হচ্ছিল যে বাংলাদেশ, পাকিস্তান আর আফগানিস্তান থেকে `ধর্মীয় সহিংসতা,র শিকার হয়ে ভারতে যদি হিন্দু,বৌদ্ধ, খ্রিস্টান, পার্শি, জৈন এবং শিখরা ভারতে এসে থাকেন, তাহলেই তারা এই আইন অনুযায়ী নাগরিকত্বের আবেদন করতে পারবেন। তবে সোমবার জারি করা বিজ্ঞপ্তিতে ওই তিনটি দেশে `ধর্মীয় সহিংসতা,র বিষয়টি সম্পূর্ণভাবে বাদ দেওয়া হয়েছে। নতুন আইনে মুসলমানদের কথা নেই। আইনটি পাশ হওয়ার আগে-পরে ভারতজুড়ে ব্যাপক বিক্ষোভ হয়েছিল। দিল্লি, কলকাতা, আসামসহ দেশের বিভিন্ন শহরের সেইসব বিক্ষোভে মারা গিয়েছিলেন প্রায় একশো মানুষ। নাগরিক সংগঠন, বিজেপি-বিরোধী রাজনৈতিক দলগুলো, মুসলিম সংগঠন ওই সব বিক্ষোভে শামিল হয়েছিল। সব শহরেই সিএএ-বিরোধী বিক্ষোভে উল্লেখজনকভাবে অংশ নিয়েছিলেন নারীরা। এমন বহু মানুষকেও দেখা গিয়েছিল ওই আন্দোলনে, যারা চিরাচরিতভাবে পর্দানশিন এবং তার আগে কখনও কোনও আন্দোলনেই পথে নামেননি। ভারতের মুসলমানদের একটা বড় অংশের আশঙ্কা যে প্রথমে সংশোধিত নাগরিকত্ব আইনের মাধ্যমে প্রতিবেশী দেশগুলো থেকে সেইসব দেশের সংখ্যালঘু মানুষদের নাগরিকত্ব দেওয়া হবে, আর তার পরে মুসলমানদের চিহ্নিত করে জাতীয় নাগরিক পঞ্জি হালনাগাদ করার নাম করে নাগরিকত্ব কেড়ে নেয়া হতে পারে। তবে বিজেপি বারবারই বলেছে যে সংশোধিত নাগরিকত্ব আইনে কারও নাগরিকত্ব কেড়ে নেওয়া হবে না। সংসদের দুটি কক্ষে কোনও আইন পাশ হওয়ার পরে ছয় মাসের মধ্যে সেই আইনের রুল বা ধারা তৈরি করে নোটিফিকেশন জারি করতে হয়। এক্ষেত্রে আইন পাশ হওয়ার পরে চার বছর ধরে বার বার সরকার পক্ষ রুল জারি করার সময়সীমা বাড়িয়ে নিয়েছে। তবে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহসহ বিজেপি নেতারা বলে এসেছেন যে সিএএ চালু তারা করবেনই। কলকাতায় কয়েক মাস আগে এক সভায় সিএএ চালু করার কথা আবারও ঘোষণা করে গিয়েছিলেন মি. শাহ। এখন লোকসভার নির্বাচন ঘোষণা হওয়ার কয়েকদিন আগেই সরকার ওই আইনটি চালু করার ঘোষণা দিলো।

অন্যদিকে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সোমবার সিএএ চালু হওয়ার সম্ভাবনা রয়েছে, এরকম খবর চাউর হওয়ার পরেই বিকেলে এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন যে পশ্চিমবঙ্গে তিনি সিএএ চালু করতে দেবেন না। মমতা ব্যানার্জী এ প্রশ্নও তুলেছেন যে আইনটি যদি চালু করতেই হতো তাহলে লোকসভা ভোটের আগেই কেন? তার কথায়, ``সাহস থাকলে আগে করতেন। লোকসভা ভোটের আগেই করতে হলো কেন?,, একই প্রশ্ন তুলেছেন কংগ্রেস নেতা জয়রাম রমেশও। তিনি নিজের এক্স হ্যাণ্ডেলে লিখেছেন, ”রুল জারি করার জন্য নয়বার বাড়তি সময় নিয়ে ঠিক ভোটের আগে এমন একটা সময় আইন চালু করা হল, তাতে এটা স্পষ্ট যে বিশেষ করে পশ্চিমবঙ্গ আর আসামে ভোটে মেরুকরণ ঘটানোর প্রচেষ্টা হচ্ছে।,, অমিত শাহসহ বিজেপি নেতারা বেশ কিছুদিন ধরেই বলে আসছিলেন যে ভোটের আগেই সিএএ চালু হয়ে যাবে, তবে গত সপ্তাহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গের এমন দুটি এলাকায় জনসভা করেছেন, যেটি মতুয়া (পূর্ব বঙ্গ এবং বাংলাদেশ থেকে আগত নমঃশূদ্র গোষ্ঠীর মানুষ) অধ্যুষিত অঞ্চল। তবে ওই দুটি জনসভায় মি. মোদী সিএএ চালু করার ব্যাপারে নিশ্চুপ ছিলেন। বিশ্লেষকরা মনে করছেন সিএএ চালু হলে সারা দেশেই হিন্দু ভোটের বাড়তি মেরুকরণ হবে বিজেপি-র পক্ষে। সেজন্যই হিসাব কষেই লোকসভা ভোটের আগে আইনটি চালু করা হচ্ছে। তবে পশ্চিমবঙ্গে এই আইনটির বাড়তি রাজনৈতিক গুরুত্ব আছে।

`নমঃশূদ্র, বা `মতুয়া, সম্প্রদায় এবং উদ্বাস্তু সমাজের একটা বড় অংশ পশ্চিমবঙ্গে গুরুত্বপূর্ণ `ভোট-ব্যাঙ্ক,। ভারত স্বাধীন হওয়ার পর থেকেই মতুয়ারা তাদের ধর্মগুরুর সঙ্গেই পূর্ব পাকিস্তান থেকে চলে আসেন। তারা মূলত নমঃশূদ্র গোষ্ঠী এবং তাদের মূল তীর্থক্ষেত্র বাংলাদেশের ওড়াকান্দিতে। মতুয়া সম্প্রদায় এবং তাদের ধর্মগুরুরা স্বাধীনতার পর থেকেই রাজনীতিতে সক্রিয়। এক সময়ের সঙ্ঘাধিপতি প্রমথ রঞ্জন ঠাকুর ছিলেন কংগ্রেস দলের সংসদ সদস্য। তার ছেলে, পুত্রবধূ এবং নাতিরাও সক্রিয় রাজনীতিতে রয়েছেন। একটা সময়ে এই মতুয়ারা বামফ্রন্টের ভোট ব্যাংক হিসেবে পরিচিত ছিল। ২০১১ সাল থেকে তৃণমূল কংগ্রেসের দিকে তারা ঝুঁকতে শুরু করেন। উদ্বাস্তু এবং মতুয়ারা পশ্চিমবঙ্গের অন্তত ৩০টি বিধানসভা আসনে নির্ণায়ক শক্তি এবং দুটি লোকসভা কেন্দ্রেও তাদেরই ভোটে জয় পরাজয় নির্ধারিত হয়। উদ্বাস্তু নেতাদের হিসাব অনুযায়ী, প্রায় দুই কোটি মানুষের এখনও নাগরিকত্ব নেই। যদিও এটাও তারা স্বীকার করেন যে আইন সম্মত উপায়ে নাগরিকত্বের নথি না থাকলেও এদের সকলেই কোনো না কোনোভাবে ভোটার কার্ড, রেশন কার্ড, আধার কার্ডের মতো নথি `যোগাড়, করে নিয়েছেন। তাই তারা সংশোধিত নাগরিকত্ব আইন অনুযায়ী নতুন করে

নাগরিকত্বের জন্য আবেদন আর করবেন না বলেই মনে করছেন উদ্বাস্তু এবং মতুয়া সম্প্রদায়ের নেতৃত্বের একাংশ। সিএএ-কে কেন্দ্র করেই মতুয়াদের মধ্যে স্পষ্ট দুটি বিভাজন তৈরি হয়ে গেছে। মতুয়াদের একটা অংশ পশ্চিমবঙ্গে ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের দিকে, অন্য অংশটি রয়েছে বিজেপির দিকে। বিজেপি সমর্থক মতুয়াদের প্রধান শান্তনু ঠাকুর এখন ওই দলের সংসদ সদস্য এবং কেন্দ্রীয় মন্ত্রী। এই অংশটি সব সময়েই চায় যে সংশোধিত নাগরিকত্ব আইন চালু হলে তারা নাগরিকত্বের অধিকার পাবেন। বিজেপি সমর্থক মতুয়াদের এই অংশের বহু মানুষ সিএএ চালু কেন হচ্ছে না, এই প্রশ্ন তুলে দীর্ঘদিন ধরেই অসন্তোষ প্রকাশ করে আসছেন। কেন্দ্রীয় মন্ত্রী মি. ঠাকুর নিজেও একাধিকবার এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন দলেরই শীর্ষ নেতৃত্বের বিরুদ্ধে। আবার বাঙালি উদ্বাস্তু আন্দোলনের নেতা ও লেখক সুকৃতি রঞ্জন বিশ্বাস কিছুদিন আগে বলেছিলেন, "আমরা বারবার বলে আসছি যে সিএএ দিয়ে কেউ নাগরিকত্ব পাবেনা। এই আইন কার্যকর করা হলে আবেদন হয়তো করতে পারবেন অনেক উদ্বাস্তু এবং মতুয়ারা, কিন্তু নাগরিকত্ব নিশ্চিত করার আইন এটা নয়। আবার ওই আবেদনকারী যে দেশের বাসিন্দা ছিলেন, সেখানকার নাগরিকত্বেরও প্রমাণ লাগবে। অন্য দেশ থেকে এসে এখানে নানাভাবে ভারতীয় নথি যোগাড় করে যারা আজ চাকরিবাকরি করছেন, তারা কি পুরনো দেশের নাগরিকত্বের প্রমাণ সরকারের হাতে তুলে দেওয়ার সাহস করবেন?" বলেছিলেন মি. বিশ্বাস।
(বিবিসি ওয়েব পেজ:১১.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ধর্ষণের ঘটনায় ৫ শিক্ষার্থী বহিষ্কার, ২ জনের সনদ বাতিল

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) এক নারীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় প্রধান অভিযুক্ত মোস্তাফিজুর রহমানসহ সাত শিক্ষার্থীকে স্থায়ীভাবে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। রবিবার (১০ মার্চ) রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. নূরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু হাসান বলেন, সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রধান অভিযুক্ত আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ছাত্র ও ছাত্রলীগের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান ও তাঁর সহযোগী একই বিভাগের শিক্ষার্থী মুরাদ হুসাইনের একাডেমিক সনদ বাতিল করা হয়েছে। বহিষ্কৃত অন্য শিক্ষার্থীরা হলেন- আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৪৬ ব্যাচের শিক্ষার্থী মোস্তফা মনোয়ার সিদ্দিকী সাগর, ৪৪ ব্যাচের শিক্ষার্থী শাহ পরান, ৪৫ ব্যাচের শিক্ষার্থী হাসানুজ্জামান ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের ৪৭তম ব্যাচের শিক্ষার্থী সাব্বির হাসান সাগর। বহিষ্কৃতদের মধ্যে আরেক শিক্ষার্থীর নাম জানা যায়নি। এর আগে ৪ ফেব্রুয়ারি সিন্ডিকেট সভায় দোষীদের চিহ্নিত করে শাস্তির সুপারিশ করতে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটিকে ১৫ কার্যদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন জমা দিতে বলা হয়। ৩ ফেব্রুয়ারি (শনিবার) দিবাগত রাত সাড়ে ৯টার দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে হলসংলগ্ন জঙ্গলে নিয়ে ধর্ষণের ঘটনা ঘটে। প্রায় দেড় ঘণ্টা পর ওই নারী ও তাঁর স্বামীকে ছেড়ে দেওয়া হয়।ঘটনার বিচারের দাবিতে ভুক্তভোগী নারী ও তাঁর স্বামী আশুলিয়া থানা ও সাভার মডেল থানায় যান। পরে ভুক্তভোগী নারীর স্বামী আশুলিয়া থানায় ছয়জনকে অভিযুক্ত করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। এ ঘটনায় ৪ ফেব্রুয়ারি মোস্তাফিজুর রহমানসহ চারজনকে গ্রেপ্তার করা হয়।
(ভোয়া ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

### মজুতদার ও সিন্ডিকেটের বিরুদ্ধে সরকার কঠোর অবস্থানে : কৃষিমন্ত্রী

মজুতদার ও সিন্ডিকেটের বিরুদ্ধে সরকার কঠোর অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ। তিনি বলেন, মজুতদার ও সিন্ডিকেটের বিরুদ্ধে সরকার কঠোর অবস্থানে রয়েছে। কোনোভাবেই তাদের ছাড় দেওয়া হবে না। কৃষিমন্ত্রী বলেন, `,`দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে বাণিজ্য, কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে একসঙ্গে কাজ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই দায়িত্ব পালন করতে আমরা বদ্ধপরিকর।,, সোমবার (১১ মার্চ) সচিবালয়ে তিনি এ কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, রোজায় পণ্যের সরবরাহের ঘাটতি নেই। তাই দাম বেড়ে যাওয়ারও সুযোগ নেই। সিন্ডিকেটের কারণে দাম বাড়ছে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, যারা সিন্ডিকেট করছে তাদের ধরিয়ে দিন এবং তাদের বিরুদ্ধে নিউজ করুন। কোথাও সিন্ডিকেটের খবর পেলে ২৪ ঘণ্টার মধ্যে আমাদের অফিসাররা সেখানে গিয়ে হাজির হবে। সিন্ডিকেটের বিরুদ্ধে আমরা কঠোর ব্যবস্থা গ্রহণ করব।
(ভোয়া ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

### মঙ্গলবার থেকে বাংলাদেশে শুরু হচ্ছে রমজান মাস

চন্দ্র মাসের নতুন চাঁদ দেখা যাওয়ায় বাংলাদেশের মুসলমান সম্প্রদায় মঙ্গলবার (১২ মার্চ) থেকে পবিত্র রোজা পালন শুরু করবে। সোমবার (১১ মার্চ) সন্ধ্যায় বায়তুল মোকাররমের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী মো. ফরিদুল হক খান। সভায় ১৪৪৫ হিজরি সনের পবিত্র রমজান মাসের চাঁদ দেখা সম্পর্কে সব জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়,

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান থেকে পাওয়া তথ্য পর্যালোচনা করে চাঁদ দেখার বিষয়টি নিশ্চিত করা হয়। সোমবার (১১ মার্চ) সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেছে। এমতাবস্থায়, মঙ্গলবার (১২ মার্চ) থেকে পবিত্র রমজান মাস গণনা শুরু হবে। এর পরিপ্রেক্ষিতে, শনিবার (৬ এপ্রিল) দিবাগত রাতে পবিত্র শবে কদর পালিত হবে। (ভোয়া ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

## চিকিৎসা বিজ্ঞানের গবেষণায় আরও সময় দেওয়ার আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার

শুধু অর্থ উপার্জনের জন্য প্রাইভেট প্র্যাকটিস করার মানসিকতা পরিহার করে চিকিৎসা বিজ্ঞানের গবেষণায় আরও সময় দিতে বাংলাদেশের চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ”আমরা একটি সেক্টরে পিছিয়ে আছি। আর সেটি হলো চিকিৎসা বিজ্ঞানের গবেষণা। চিকিৎসকরা প্র্যাকটিস করে অর্থ উপার্জনে নিয়োজিত থাকেন এবং তারা গবেষণার কাজে আগ্রহী না।„ এখন থেকেই গবেষণা কাজের ওপর গুরুত্বারোপ করার জন্য তাদের প্রতি অনুরোধ জানিয়ে তিনি বলেন, ”গবেষণা কার্যক্রমে গুরুত্ব দিতে হবে। কারণ দেশের মানুষকে সুস্থ, সবল ও মেধাবী হতে হবে। তাদের মেধা বিকশিত করার সুযোগ দিতে হবে। এ জন্য গবেষণা অপরিহার্য।„ সোমবার (১১ মার্চ) `বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ,, `জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ, এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিজ্ঞানী, গবেষক ও শিক্ষার্থীদের বিশেষ গবেষণার অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। শেখ হাসিনা বলেন, ”আমি আবারও অনুরোধ করব সরকারি চাকরিতে নিয়োজিত চিকিৎসকেরা প্রাইভেট প্র্যাকটিস কমিয়ে গবেষণা কাজে আরও বেশি সময় দিন।„ তিনি বলেন, স্বাস্থ্যসংক্রান্ত গবেষণায় যারা সম্পৃক্ত হবেন তাদের সরকার বিশেষ প্রণোদনা প্যাকেজ দেবে। ”গবেষণা কাজকে উৎসাহিত করতে যা যা করা দরকার সরকার তাই করবে। গবেষণা উন্নয়নের দ্বার উন্মোচন করে। আমাদের বিজ্ঞান ও স্বাস্থ্য সম্পর্কিত গবেষণার ওপর সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।„ শেখ হাসিনা বলেন, যেকোনো ধরনের গবেষণায় সব ধরনের বাধা দূর করতে সরকার অত্যন্ত আন্তরিক। তিনি আরও উল্লেখ করেন, গবেষণার জন্য বিনিয়োগের অর্থ দেশের গণমানুষের পকেট থেকে আসছে। তিনি বলেন, ”জনগণের এই অর্থ অবশ্যই জনগণের কল্যাণে ব্যবহার করতে হবে। এটা সব সময় মাথায় রাখতে হবে।„ প্রধানমন্ত্রী দেশের দক্ষিণাঞ্চলে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের চেষ্টার কথা উল্লেখ করে বলেন, ”কিন্তু দক্ষিণাঞ্চলের মাটি খুবই নরম। আমরা প্রতিটি দ্বীপে মাটি পরীক্ষা করেছি, কিন্তু সেখানে এ ধরনের প্লান্ট নির্মাণ করা সম্ভব নয়। ... বর্তমান বিদ্যুৎকেন্দ্রের কাজ শেষ হলে সরকার রূপপুরে দ্বিতীয় বিদ্যুৎকেন্দ্রটি নির্মাণ করবে। তিনি বলেন, ”আমি বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রীকে প্রথমটি শেষ করার পরপরই দ্বিতীয়টি শুরু করতে বলেছি এবং এখন থেকেই আমাদের তার প্রস্তুতি নিতে হবে।„ অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জাহিদ মালেক এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মো. আলী হোসাইন বক্তব্য দেন।
(ভোয়া ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

## আইনজীবী সমিতির নির্বাচনে মারামারির ঘটনায় সহকারী অ্যাটর্নি জেনারেলের নিয়োগ বাতিল

বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনের ভোট গণনা নিয়ে হামলা-মামলার প্রেক্ষাপটে তিনজন সহকারী অ্যাটর্নি জেনারেলের নিয়োগ বাতিল করে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এই তিন সহকারী অ্যাটর্নি জেনারেল হলেন; মো. জাকির হোসেন, কাজী বশির আহমেদ ও শ্যামা আক্তার। রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের সলিসিটর রুনা নাহিদ আকতারের সই করা এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানানো হয়। তিন সহকারী অ্যাটর্নি জেনারেলের মধ্যে মো. জাকির হোসেন ও কাজী বশির আহমেদ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনের ভোট গণনা নিয়ে হামলার ঘটনায় আহত সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুর রহমান চৌধুরী সাইফের করা মামলার অভিযুক্ত। এবারের সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে ভোট গ্রহণ হয় ৬ ও ৭ মার্চ। ভোট গণনা নিয়ে দুই পক্ষের মধ্যে হট্টগোল ও মারধরের ঘটনা ঘটে এবং অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হয়। ৭ মার্চ (বৃহস্পতিবার) রাতেই ভোট গণনার পক্ষে সোচ্চার হন সম্পাদক প্রার্থী নাহিদ সুলতানা যুথী। তবে আওয়ামী লীগ সমর্থিত সম্পাদক প্রার্থী শাহ মনজুরুল হক ৮ মার্চ (শুক্রবার) বেলা ৩টায় `দিনের আলোতে, ভোট গণনা চাচ্ছিলেন। এ বিষয় নিয়েই একপর্যায়ে দুই পক্ষের সমর্থকদের মাঝে হট্টগোল শুরু হয়। শুক্রবার ভোরে মারামারির ঘটনাও ঘটে। যেখানে একজন সহকারী অ্যাটর্নি জেনারেলকে আক্রমণ করার ভিডিও ছড়িয়ে পড়ে। যেটি `বহিরাগতের হামলা, হয়েছে বলে দাবি করা হয়। পরে সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুর রহমান চৌধুরী সাইফ তাঁকে হত্যাচেষ্টার অভিযোগ এনে শুক্রবার রাতে মামলা করেন। যেখানে এই নির্বাচনের স্বতন্ত্র সম্পাদক প্রার্থী অ্যাডভোকেট নাহিদ সুলতানা যুথি এবং বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) অনুসারী প্যানেলের সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলসহ ২০ জনকে অভিযুক্ত করা হয়। শুক্রবার রাতেই এই মামলার অভিযুক্ত বিএনপি অনুসারী ব্যারিস্টার ওসমান চৌধুরীকে গ্রেপ্তার করে পুলিশ। আর নাহিদ সুলতানা যুথীর বাসায় গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে কয়েকজনকে আটক করে। এরপর শনিবার সন্ধ্যায় বিএনপি অনুসারী সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলকে

গ্রেপ্তার করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। পরে তাঁর ৪ দিনের রিমান্ডের আদেশ দেন ঢাকার একটি আদালত। অন্যদিকে, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ঘটনাবহুল নির্বাচনে কার্যনির্বাহী কমিটির ১৪টি পদের মধ্যে আওয়ামী লীগ সমর্থিত বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ (সাদা প্যানেল) থেকে ১০ জন নির্বাচিত হন। সম্পাদক পদসহ এই প্যানেলের নির্বাচিতরা হলেন- সম্পাদক শাহ মঞ্জুরুল হক, সহ-সভাপতি রমজান আলী শিকদার ও দেওয়ান মো. আবু ওবাঈদ হোসেন সেতু, কোষাধ্যক্ষ মোহাম্মদ নুরুল হুদা আনসারী, সহ-সম্পাদক মো. হুমায়ুন কবির ও মোহাম্মদ হুমায়ন কবির এবং সদস্য পদে মো. বেলাল হোসেন, মো. রায়হান রনি, রাশেদুল হক খোকন ও খালেদ মোশাররফ। অন্যদিকে, বিএনপি অনুসারী জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য প্যানেল (নীল প্যানেল) থেকে সভাপতিসহ ৪টি পদে নির্বাচিত হন। নির্বাচিতরা হলেন- সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন ও সদস্য পদে সৈয়দ ফজলে এলাহী অভি, শফিকুল ইসলাম ও ফাতিমা আক্তার। (ভোয়া ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

### আবার বাংলাদেশে আশ্রয় নিয়েছে মিয়ানমারের সীমান্তরক্ষী পুলিশের ২৯ সদস্য

মিয়ানমারের রাখাইনে সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর সংঘর্ষের মধ্যে দেশটির সীমান্তরক্ষী পুলিশের (বিজিপি) ২৯ সদস্য আবারও বাংলাদেশে আশ্রয় নিয়েছে বলে জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। সোমবার (১১ মার্চ) সকালে বিজিপি সদস্যরা বাংলাদেশে আশ্রয় নেয় বলে জানিয়েছেন বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম। তিনি জানান, বিজিবির নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়নের (১১ বিজিবি) অধীনস্থ জামছড়ি বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা দিয়ে মিয়ানমারের সীমান্তরক্ষী পুলিশের অংথাপায়া ক্যাম্প থেকে ২৯ জন বিজিপি সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। এর আগে ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে বিজিপি, সেনাসদস্য ও ইমিগ্রেশন কর্মকর্তাসহ মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর ৩৩০ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছিল। ১৫ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) কড়া নিরাপত্তার মধ্যদিয়ে তাদের মিয়ানমারের ফেরত পাঠায় বাংলাদেশ। ফেরত পাঠানো ৩৩০ জনের মধ্যে ছিল ৩০২ জন বিজিপি সদস্য, ৪ জন বিজিপি পরিবারের সদস্য, ২ জন সেনাসদস্য, ১৮ জন ইমিগ্রেশন সদস্য এবং ৪ জন বেসামরিক নাগরিক। এ বছরের ২ ফেব্রুয়ারি রাত থেকে মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে দেশটির সেনাবাহিনীর সংঘর্ষ চলছে। জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। আরাকান আর্মি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। তারা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে। মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা,আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট, ২০২৩ সালের ২৭ অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েট প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। উল্লেখ্য, ২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমারের সেনাবাহিনী উত্তর রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে হিংসাত্মক অভিযান শুরু করে। যা ছিল আন্তর্জাতিক আইনের অধীনে গুরুতর অপরাধ। তখন সেনাবাহিনী গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেয়। সেনাবাহিনীর নৃশংস অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। (ভোয়া ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### প্রাইভেট প্র্যাকটিস কমিয়ে চিকিৎসকদের গবেষণায় মনোযোগী হওয়ার পরামর্শ প্রধানমন্ত্রীর

প্রাইভেট প্র্যাকটিস কমিয়ে চিকিৎসকদের গবেষণায় মনোযোগী হওয়ার পরামর্শ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। চিকিৎসা গবেষণায় বাংলাদেশ পিছিয়ে রয়েছে বলে তিনি স্বীকার করেন। প্রাইভেট প্র্যাকটিস কমিয়ে, গবেষণার প্রতি মনোযোগী হতে চিকিৎসকদের পরামর্শ দিয়েছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, মানুষের কল্যাণ সাধন ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন অর্জনে, বিজ্ঞানী ও গবেষকদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। সোমবার সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের বঙ্গবন্ধু ফেলোশিপ প্রদান অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। এছাড়া সংকট সমাধানে দেশে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রও রূপপুরে নির্মাণ করা হবে বলে জানান প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের গবেষক ও বিজ্ঞানীদের বিশেষ গবেষণায় অনুদানের চেক প্রদান অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বক্তৃতার শুরুতেই প্রধানমন্ত্রী বলেন, সরকারের মূল লক্ষ্য মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে মানুষের কল্যাণ সাধন এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নকে অর্জন। সেজন্য সব ক্ষেত্রে গবেষক ও বিজ্ঞানিদের এগিয়ে আসতে হবে। দেশের

সার্বিক উন্নয়ন হলেও চিকিৎসা গবেষণায় বাংলাদেশ পিছিয়ে রয়েছে বলে জানান প্রধানমন্ত্রী, (স্বকণ্ঠে) : আমাদের সরকারের মূল লক্ষ্য হচ্ছে মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে মানুষের কল্যাণ সাধন, টেকসই অর্থনৈতিক উন্নয়ন অর্জন। আমাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করতে হবে। আমরা একটা জায়গায় একটু পিছিয়ে আছি, সেটা হচ্ছে আমাদের স্বাস্থ্য বিষয়ক গবেষণা। ডাক্তার সাহেবরা শুধু প্র্যাকটিস করে আর টাকা কামাই করে গবেষণার দিকে বেশি যায় না। কি ঠিক, কয়জন ডাক্তার আছে আমি সামনাসামনি জিজ্ঞেস করছি। কিন্তু এখন গবেষণার উপর গুরুত্ব দিতে হবে।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১১.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

**রমজানকে সামনে রেখে আওয়ামী লীগ-বিএনপি'র পাল্টাপাল্টি বক্তব্য**

রমজান মাসে সংযম না করে বিএনপি যতই কর্মসূচি পালন করবে ততই তারা জনবিচ্ছিন্ন হয়ে পড়বে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এদিকে, বিএনপি স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, জনগণের মৌলিক অধিকার, গণতন্ত্রেরর অধিকার এবং কথা বলার অধিকার রক্ষার আন্দোলন অব্যাহত থাকবে। রমজান মাসে সংযম না করে, বিএনপি যতই কর্মসূচি পালন করবে, ততই তারা জনবিচ্ছিন্ন হয়ে পড়বে বলে মন্তব্য করেছেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

সোমবার দুপুরে বঙ্গবন্ধু এভিনিউয়ে, দলের কেন্দ্রীয় কার্যালয়ে সম্পাদকমণ্ডলীর একসভায় এ মন্তব্য করেন তিনি। রমজানে বিএনপি সরকার বিরোধী কর্মসূচি চালিয়ে যাবে, সাংবাদিকদের এমন প্রশ্নে কাদের বলেন, জনগণের বিরুদ্ধে রাজপথে নামলে, তাদের জনসম্পৃক্ততা অব্যাহতভাবে কমতে থাকবে। তাই নেতিবাচক রাজনীতি পরিহার করে, সংযমের মাস থেকে বিএনপি নেতাদের সংযমী হওয়ার পরামর্শ দিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, (স্বকণ্ঠে) : যারা এইসব বলে তাদের নিজেদের প্রভুদের তৃপ্ত করতে তারা এইসব আজগুবি বুলি ছড়াচ্ছে। রাজনৈতিকভাবে চরমভাবে পরাজিত-বিপর্যস্ত বিএনপি। আজকে তাদের পায়ের তলার মাটি ক্রমেই সরে যাচ্ছে বলে তারা এখানে দেশের মানুষকে বাদ দিয়ে বিদেশিদের কাছে ধরণা দিচ্ছে।

এদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, জনগণের মৌলিক অধিকার, গণতন্ত্রেরর অধিকার এবং কথা বলার অধিকার রক্ষার আন্দোলন অব্যাহত থাকবে । সোমবার দুপুরে, রাজধানীর শাহজাহানপুরের নিজ বাসভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। মির্জা আব্বাস বলেন, দেশ এখন বিপদের মধ্যে আছে। ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার ডামি নির্বাচন করে ক্ষমতায় এসেছে। তারা কখন ক্ষমতা হারিয়ে ফেলে তা নিয়ে সংশয়ের মধ্যে আছে, এমনটা মন্তব্য করেছেন বিএনপি'র এই শীর্ষ নেতা। (স্বকণ্ঠে) : আজকে আমরা আন্দোলন করছি দেশের মানুষের ভোটাধিকার ফেরানোর জন্যে। মানুষের গণতান্ত্রিক ও মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য আমরা দীর্ঘদিন আজকে প্রায় ১৭ বছর আন্দোলন করছি। তারই ধারাবাহিকতায় আমরা গত ২৮শে অক্টোবর আমাদের উপর একটা ম্যাচিভ আক্রমণ হয়ে গেল। আপনারা সকলেই এটা দেখেছেন। সকলের চোখের সামনেই হয়েছে ঘটনাটা আগে বলেছি, এখনও বলছি যে, আন্দোলন ক্ষমতায় যাওয়ার জন্য না। জনগণের মৌলিক অধিকার, গণতান্ত্রিক অধিকার, কথা বলার অধিকার, ভোটের অধিকার এগুলো বাঁচানোর জন্যই আমাদের এই আন্দোলন।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১১.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

**নারীর সামাজিক মর্যাদা বাড়ানোর জন্য নয়াদিল্লিতে মোটরসাইকেল প্যারেড নারী চালকদের**

সমাজে নারীদের আরও বেশি ভূমিকা রাখার আহ্বান জানিয়ে, সারা ভারত থেকে ৫শ জনেরও বেশি নারী মোটরসাইকেল চালক রবিবার রাজধানীর রাস্তায় তাদের বাইক চালিয়ে প্যারেড করেছেন। অংশগ্রহণকারীরা নয়াদিল্লির কেন্দ্রস্থলের এক চত্বর থেকে প্রায় ১০ কিলোমিটার পথে মোটরসাইকেল চালান। গত শুক্রবার জাতিসংঘ মনোনীত আন্তর্জাতিক নারী দিবস পালনের জন্য এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্বের সবচেয়ে জনবহুল দেশটির জনসংখ্যা ১.৪ বিলিয়নেরও বেশি এবং এর অর্থনীতি ক্রমশ সম্প্রসারিত হচ্ছে। তবে দেশটির কিছু অংশে পুরুষের আধিপত্য এখনো রয়ে গেছে, যা নারীর প্রতি বৈষম্য ও সহিংসতায় ইন্ধন যোগায়। অনেক পুরুষ, বিশেষ করে, যারা গ্রামীণ এলাকায় বসবাস করেন, তারা মোটরসাইকেল চালানো নারীদের প্রতি অসহিষ্ণু আচরণ করেন। তবে, চারজন নারীকে বড় আকারের বাইক চালাতে দেখানো সাম্প্রতিক একটি চলচ্চিত্র বেশ জনপ্রিয় হয়ে উঠেছে এবং দেশে নারী মোটর সাইকেল চালকের সংখ্যা বেড়ে চলেছে। ৫০ বছরের কোঠার এক নারীর ভাষ্যমতে, তিনি চান যে নারীরা তাদের মুখোমুখি হওয়া সমস্যার কারণে দমে না গিয়ে বরং তাদের স্বপ্নকে পূরণ করুক।
(এনএইচকে ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ এলিনা)

## রেডিও টুডে

**আগামী মঙ্গলবার থেকে শুরু হচ্ছে পবিত্র রমজান মাস**

বাংলাদেশের আকাশে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামীকাল মঙ্গলবার থেকে শুরু হচ্ছে রোজা। সোমবার সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভা শেষে এ কথা জানানো হয়। সেই হিসেবে আজ রাতেই তারাবির নামাজ পড়বেন ধর্মপ্রাণ মুসলমানরা। সেই সঙ্গে শেষ রাতে প্রথম সেহরিও খাবেন তারা।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**রমজান মাসে রাজনৈতিক কর্মসূচি পালন করলে আরো জনবিচ্ছিন্ন হবে বিএনপি : ওবায়দুল কাদের**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পবিত্র রমজান মাসে সংযম না করে বিএনপি যতই কর্মসূচি পালন করবে তারা ততই জনবিচ্ছিন্ন হয়ে পড়বে। সোমবার রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সম্পাদকমণ্ডলীর এক সভা শেষে তিনি এ কথা বলেন। সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে সহিংসতা করীদের ব্যাপারে সরকারের কঠোর অবস্থা তুলে ধরেন ওবায়দুল কাদের। তিনি বলেন নির্বাচনে অপরাধ করা ব্যক্তিরা যতই প্রভাবশালী হোক কোনো ছাড়তে হবে না।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**আমরা এখন খাঁচায় পোষা মুরগির মত, যখন ইচ্ছা সরকার ধরে নিয়ে জবাই করবে: মির্জা আব্বাস**

দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে রমজান স্বস্তিদায়ক হবে না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। সোমবার দুপুরে রাজধানীর শাহজাহানপুরে নিজ বাসভবনে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। তিনি বলেছেন নিত্য পণ্যের চড়া দামের কারণে ফিলিস্তিনের গাজার চাইতেও বাংলাদেশের অবস্থা খারাপ হতে পারে। এ সময় তিনি অভিযোগ করেন বিএনপি'র সব নেতাকর্মীকে পরোক্ষভাবে বন্দি করা হয়েছে। বলেন খালাস নয়, সাময়িক সময়ের জন্য জামিন পেয়েছি। আমরা এখন খাঁচায় পোষা মুরগির মত। যখন দরকার, ধরে নিয়ে জবাই করবে।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**রমজান মাসে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার বিষয়ে আগামীকাল চূড়ান্ত আদেশ দেবেন চেম্বার আদালত**

রমজান মাসে মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় বন্ধের বিষয়ে হাইকোর্টের আদেশ আপাতত বহাল রেখেছে আপিল বিভাগের চেম্বার আদালত। আগামীকাল মঙ্গলবার আপিল বিভাগে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে জানা গেছে। সোমবার বিকেলে আপিল বিভাগের চেম্বার বিচারপতি এম এনায়েতুর রহিম এই আদেশ দেন। সোমবার রোজার মাসে স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করা হয়। এর আগে রোববার রমজান মাস জুড়ে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করেন হাইকোর্ট।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানের দরপত্রে বিশ্বের বড় বড় কোম্পানি অংশ নেবে: নসরুল হামিদ**

প্রায় আট বছর পর গভীর ও অগভীর সমুদ্রের ২৪টি ব্লকে তেল-গ্যাস অনুসন্ধান ও উত্তোলনে সরকার যে আন্তর্জাতিক দরপত্র আহবান করেছে তাতে বিশ্বের বড় বড় কোম্পানি অংশ নেবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নজরুল হামিদ বিপু। বাংলাদেশ অফশোর বিডিং-২০২৪ উপলক্ষে সোমবার পেট্রোবাংলায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে একথা বলেন তিনি। চলতি বছরে ৯ সেপ্টেম্বর পর্যন্ত দরপত্র জমা দেয়ার সময় নির্ধারণ করা হয়েছে। এরপর যাচাই-বাছাই করে দেয়া হবে কোন কোম্পানিকে কাজ দেওয়া যায়।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**ট্রেড লাইসেন্স ছাড়া কাউকে ব্যবসা করতে দেয়া হবে না: বাণিজ্য প্রতিমন্ত্রী**

ভ্রাম্যমান গাড়িতে পণ্য বিক্রি বন্ধের আহ্বান জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। বলেছেন ট্রেড লাইসেন্স ছাড়া কাউকে ব্যবসা করতে দেওয়া হবে না। পাশাপাশি সবাইকে আইন মেনে ব্যবসা করার আহ্বান জানিয়েছেন তিনি। বলেছেন যেখানে সমস্যা পাব সেখানে ব্যবস্থা নেওয়া হবে। সোমবার রাজধানীর শান্তিনগর বাজার পরিদর্শন ও ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় শেষে এসব কথা বলেন বাণিজ্য প্রতিমন্ত্রী।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর অবস্থানেই সরকার: পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, রমজান মাসে পণ্যমূল্য স্থিতিশীল রাখতে সরকার যেমন অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বদ্ধপরিকর তেমনি জনগণকেও সোচ্চার হওয়ার আহ্বান জানাই। সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেন, পণ্যের যথেষ্ট সরবরাহ থাকা সত্ত্বেও এক শ্রেণির অসাধু ব্যবসায়ী অবৈধভাবে পণ্য মজুত করে এবং অতিরিক্ত মুনাফা লাভের জন্য কৃত্রিম উপায়ে দাম বাড়ায়, যা অত্যন্ত দুঃখজনক। সারা বিশ্বে উৎসব-পার্বণে দ্রব্যমূল্য কমে আর আমাদের দেশে অসাধু ব্যবসায়ীরা দাম বেশি রাখে। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে সরকার

ব্যবস্থা নিতে বদ্ধপরিকর। অভিযানও চলমান। অসাধু ব্যবসায়ীদের সিন্ডিকেটের বিরুদ্ধে জনগণ যখন মোর্চা গড়ে তুলবে তখন তারা কোথায় যাবে এমন প্রশ্নও রাখেন তিনি।
(রেডিও টুডে :২১৪৫ ঘ. ১১.০৩.২০২৪ আসাদ)

**পাবনাতে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র তৈরীর পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী**

পাবনাতে প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র তৈরি করার পর দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রও এখানে তৈরির পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ এনএসসি ফেলোশিপ এবং বিশেষ গবেষণায় অনুদান প্রদান অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী জানান বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীকে বলেছি প্রথমটার কাজ তো শেষ হবেই সাথে সাথে দ্বিতীয়টার কাজও যেন শুরু করতে পারি সেটির প্রস্তুতি এখন থেকেই নিতে হবে। এ সময় স্বাস্থ্য খাতে গবেষণা আরও বাড়াতে হবে উল্লেখ করে সরকারি চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিস কমিয়ে গবেষণায় মনোযোগ দেয়ার আহ্বান জানান শেখ হাসিনা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১১.০৩.২০২৪ রুবাইয়া)

**আজ সোমবার জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হবে**

বাংলাদেশে কবে থেকে রোজা শুরু হচ্ছে তা জানা যাবে আজ। পবিত্র রমজান মাসের চাঁদ দেখার সংবাদ পর্যালোচনা এবং এ বিষয়ে সিদ্ধান্ত নিতে আজ সোমবার জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হবে। সন্ধ্যায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হবে। জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি ও ধর্ম মন্ত্রীর সভাপতিত্বে এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে জানা গেছে। বৈঠকে চাঁদ দেখা কমিটির অন্যান্য সদস্যদের উপস্থিত থাকতে বলা হয়েছে। ইসলামিক ফাউন্ডেশন জানিয়েছে আজ রমজান মাসের চাঁদ দেখা গেলে আগামীকাল মঙ্গলবার থেকে রোজা শুরু হবে। অর্থাৎ আজ চাঁদ দেখা গেলে সন্ধ্যায় তারাবিহ পড়বেন ধর্মপ্রাণ মুসলমানরা। সেই সঙ্গে শেষ রাতের সেহরিও খাবেন তারা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১১.০৩.২০২৪ রুবাইয়া)

**সৌদি আরবসহ দেশগুলোর সঙ্গে মিল রেখে ৫৭টি গ্রামে আজ থেকে রোজা শুরু হয়েছে**

সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোর সঙ্গে মিল রেখে নোয়াখালী চাঁদপুর ফরিদপুরের ৫৭ গ্রামে আজ থেকে রোজা শুরু হয়েছে। এরমধ্যে রয়েছে নোয়াখালীর বেগমগঞ্জ ও সদর উপজেলার ৪ টি গ্রাম ফরিদপুরের বোয়ালমারী উপজেলার ১৩ টি গ্রাম এবং চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলার সাদরা দরবার শরীফ ও আশপাশের গ্রামসহ জেলার প্রায় ৪০ টি গ্রাম। প্রতিবছরের মতো এবছরও এসব গ্রামের মানুষ একদিন আগে পবিত্র রোজা পালন করছেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১১.০৩.২০২৪ রুবাইয়া)

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গৃহবধূকে ধর্ষণে মূল অভিযুক্তসহ ৭ জনের শাস্তি স্থায়ী করার সিদ্ধান্ত**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি স্বামীকে আটকে রেখে গৃহবধূকে ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত ছাত্রলীগ নেতা মুস্তাফিজুর রহমানসহ সাত জনের শাস্তি স্থায়ী করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এরমধ্যে ৫ জনকে বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কার এবং অপর দুইজনের অ্যাকাডেমিক সনদ বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রবিবার রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর মোহাম্মদ নুরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড আবু হাসান জানিয়েছেন সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযুক্ত আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৪৫ ব্যাচের শিক্ষার্থী মোঃ মোস্তাফিজুর রহমান ও তার সাহায্যকারী ৪৬ ব্যাচের শিক্ষার্থী মোঃ মুরাদ হোসেনের সনদ অস্থায়ীভাবে বাতিল করা হয়েছে। অন্যদিকে বাকি অভিযুক্তদের সবাইকে বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কার করা হয়েছে। তাদের সবাইকে বিশ্ববিদ্যালয়ে অবাঞ্ছিত করা হয়েছে। এছাড়া ছাত্রত্ব শেষ হয়ে যাওয়ার পরও যারা এখনো হলে অবস্থান করছে তারা আগামী ১৭ ই এপ্রিলের মধ্যে হল ত্যাগ না করলে তাদের অ্যাকাডেমিক সনদ স্থায়ীভাবে বাতিলের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১১.০৩.২০২৪ রুবাইয়া)

**মেডিকেলের শিক্ষার্থীকে গুলি করার ঘটনায় অভিযুক্ত শিক্ষকের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর**

সিরাজগঞ্জের এম মনসুর আলী মেডিক্যাল কলেজের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আরাফাত আমিন তমালকে গুলি করার ঘটনায় অভিযুক্ত শিক্ষক ডাক্তার রায়হান শরীফকে পাঁচ দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। সোমবার সিরাজগঞ্জের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ বেলাল হোসেনের আদালতে অস্ত্র আইনে দায়ের করা মামলায় পুলিশের সাত দিনের রিমান্ড আবেদনের প্রেক্ষিতে শুনানি শেষে পাঁচ দিনের রিমান্ড আবেদন মঞ্জুর করেন আদালত।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১১.০৩.২০২৪ রুবাইয়া)

**রাজধানী পুরান ঢাকার একটি জুতার ফ্যাক্টরিতে আগুন লাগার ঘটনা ঘটেছে**

রাজধানী পুরান ঢাকায় একটি জুতার ফ্যাক্টরিতে আগুন লেগেছে। সোমবার দুপুর একটার দিকে চকবাজার থানাধীন কামালবাগ এলাকার ওই ফ্যাক্টরিতে আগুন লাগে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কন্ট্রোল রুমের ডিউটি অফিসার রাফি আল ফারুক। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ছয়টি ইউনিট কাজ করছে বলে জানা গেছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১১.০৩.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### সংসদ ব্যবসায়ীদের দখলে, সিন্ডিকেট ভাঙবে কে,

‵সরকার মূলত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ব্যর্থ। নইলে এভাবে একটি রাষ্ট্র দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আনতে নিষ্ক্রিয় থাকতে পারে না। বাজার নিয়ন্ত্রণহীন হচ্ছে ব্যবসায়ীদের কাছ থেকে। সংসদই ব্যবসায়ীদের দখলে, কে সিন্ডিকেট ভাঙবে!, রমজান ও বাজার পরিস্থিতি নিয়ে জাগো নিউজের কাছে প্রতিক্রিয়া ব্যক্ত করেন মহাজোট সরকারের অন্যতম শরিক নেতা রাশেদ খান মেনন। তিনি বলেন, ‵সরকারের সফলতা চোখে পড়ার মতো। উন্নয়ন হচ্ছে বলেই সরকারের প্রতি মানুষ আস্থা রাখছে। খাদ্য নিরাপত্তায় সরকার যে-কোনো সময়ের চেয়ে ভালো অবস্থানে। এ নিয়ে দ্বিমত থাকার কথা নয়। প্রশ্ন হচ্ছে, সাধারণ মানুষ সেই সফলতার সুবিধা পাচ্ছে কি না? উন্নয়নের বণ্টন নিয়েই মূলত প্রশ্ন। আমরা সরকারের অনেকের কথা শুনি। অভিযান হয় কিন্তু সমাধান হয় না। এসব অভিযানে আসলে সমাধান হবে না। লোক দেখানো অভিযান সত্যিকার সমাধান দিতে পারে না।, ‵মুসলমান সমাজে রোজা সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। সংযমেরও সময়। অথচ এই রোজা উপলক্ষ্যেই বাজার বেসামাল হয়ে পড়ছে। অন্য রাষ্ট্রে এমন পরিস্থিতি দেখবেন না। উৎসব বা দিবস উপলক্ষ্যে অনেক দেশে দ্রব্যের দাম কমানো হয়। আর এখানে দাম আকাশচুম্বি হয়।,

সংসদ ব্যবসায়ীদের দখলে উল্লেখ করে তিনি বলেন, ‵বাংলাদেশ স্বাধীন হওয়ার আগেও এমন হাল ছিল না সংসদে। দিন যাচ্ছে, সংসদে ব্যবসায়ীর হার বাড়ছে। আমি সংসদেও শঙ্কা প্রকাশ করছি। এমন সংসদ আসলে সাধারণ মানুষের প্রতিনিধিত্ব করার কথা নয়। দ্রব্যমূল্য কারা কমাবে? ব্যবসায়ীরা। তারাই যদি সব দখলে নেয় কে চাপ তৈরি করবে? আসলে সরকার কোনো ব্যবস্থা নিতে চাইলে তার ঘনিষ্ঠদের ব্যাপারে আগে ব্যবস্থা নিতে হবে। কারা কীভাবে সিন্ডিকেট তৈরি করে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করছে তা সরকারের জানা। ব্যবস্থা নিতে পারছে না, কারণ এ সিন্ডিকেট সরকারের চেয়ে শক্তিশালী। তবে আমি মনে করি নিয়ন্ত্রণ করা বা সিন্ডিকেট ভেঙে ফেলা সরকারের পক্ষে সম্ভব। আন্তরিকতার ব্যাপার। কতিপয় ব্যবসায়ীর কাছে মানুষ এভাবে জিম্মি হতে পারে না।,

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ প্রশ্নে সরকার ব্যর্থ কি না? জবাবে বলেন, ‵অবশ্যই সরকার দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ প্রশ্নে ব্যর্থ। এ ব্যাপারে সংসদে দাঁড়িয়ে আমি বারবার বলেছি। আমরা দলের পক্ষ থেকে অবস্থান নিয়ে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছি। যুবমৈত্রী গতকালও বিক্ষোভ করেছে। জোটে আছি বলেই সরকারের সব ব্যর্থতার দায় আমরা নিতে পারি না। সরকার সব জানার পরেও ব্যবস্থা নিচ্ছে না। বরং ক্ষেত্রবিশেষে সুবিধা করে দিচ্ছে। মধ্যস্বত্বভোগীরা লুটেপুটে খাচ্ছে। কৃষক, শ্রমিক, ভোক্তা তাদের কাছে জিম্মি। তদন্তসাপেক্ষে দু-একটি ব্যবস্থা নিলে তো বাজার লাগামহীন হওয়ার কথা ছিল না।, সামনে কী অপেক্ষা করছে জানতে চাইলে বলেন, ‵সামনের দিন খুব ভালো যাবে তা বলা যাবে না। সবাই ব্যবসায়ীর মন নিয়ে রাজনীতি করছি। সেবার ব্রত নিয়ে আসলে কেউ আর রাজনীতি করছি না। সমস্যা সবই জানা। বিভিন্ন সংস্থা, বডি রয়েছে। তারা মনিটরিং করার কথা। কিন্তু রক্ষক হয়ে ভক্ষক হচ্ছে। জনদায় নিয়ে সরকারের উচিত এখনই ব্যবস্থা নেওয়া। সব ভেঙে পড়লে আর হয়তো উপায় থাকবে না।
(জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

### ভোট গণনায় মারামারি, তিন সহকারী অ্যাটর্নি জেনারেল বরখাস্ত

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে ভোট গণনাকে কেন্দ্র করে হট্টগোল, হাতাহাতি ও মারামারির ঘটনায় সহকারী অ্যাটর্নি জেনারেল কাজী বশির আহমেদ, জাকির হোসেন মাসুদ ও শ্যামা আক্তারকে বরখাস্ত করা হয়েছে। সোমবার (১১ মার্চ) রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের সলিসিটর বিভাগ থেকে তাদের বরখাস্ত করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। গত বুধ ও বৃহস্পতিবার শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। দু,দিনে ভোট দেন ৫ হাজার ৩১৯ জন আইনজীবী। কিন্তু ভোট গণনা দিনে হবে না রাতে- এ নিয়ে তুমুল হট্টগোল আর সংঘর্ষে জড়ায় দুইপক্ষ। এ সময় হারিয়ে যায় ব্যালট বাক্স। পরে পুলিশের হস্তক্ষেপে তা উদ্ধার হয়। এক পর্যায়ে গণনা ছাড়াই শুক্রবার সকালে নির্বাচন পরিচালনা উপ-কমিটির আহ্বায়ক, নাহিদ সুলতানা যূথীকে সম্পাদক পদে বিজয়ী ঘোষণা করেন। তবে বহিরাগতদের চাপে তার নাম ঘোষণার কথা জানান নির্বাচনের সাব-কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট আবুল খায়ের। এক বিবৃতিতে উল্লেখ করা হয়, তাকে ভয়ভীতি দেখিয়ে ঘোষণাটি লিখতে বাধ্য করা হয়। ভোট গণনাকে কেন্দ্র করে সংঘর্ষের মামলায় গ্রেফতার পাঁচ আইনজীবীকে তিনদিনের রিমান্ড দেন আদালত। এছাড়া বিএনপি সমর্থিত সম্পাদক প্রার্থী রুহুল কুদ্দুস কাজলকে গ্রেফতার করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

### ৫ টাকার লেবু ১৩ টাকায় বিক্রি, জরিমানা ৫০ হাজার

রমজান মাসকে ঘিরে সপ্তাহের ব্যবধানে চট্টগ্রামের বাজারে লেবুর দাম বেড়েছে প্রায় দ্বিগুণ। ৫ টাকার লেবু বিক্রি হচ্ছে ১২ থেকে ১৩ টাকায়। অতিরিক্ত দাম নেওয়ায় নগরের এক বিক্রেতাকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। সোমবার (১১ মার্চ) সকালে নগরের স্টেশন রোড এলাকায় অভিযান পরিচালনা করেন অধিদপ্তরের উপ-পরিচালক ফয়েজ উল্লাহ। এসময় তাকে সহায়তা করেন সহকারী পরিচালক আনিছুর রহমান ও নাসরিন আকতার। ফয়েজ উল্লাহ বলেন, মেম্বার বাণিজ্যালয় নামের একটি প্রতিষ্ঠানে মূল্য তালিকা নেই। তাই সুযোগ বুঝে একেক সময় একেক দামে লেবু বিক্রি করছিল। বাগান থেকে লেবু কেনার রশিদও নেই। ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে এই প্রতিষ্ঠানকে। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ রাখার আদেশ বহাল

পবিত্র রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করেননি আপিল বিভাগের চেম্বার জজ আদালত। আপাতত স্কুল বন্ধই থাকছে বলে জানান রিটকারী আইনজীবী এ কে এম ফয়েজ। তবে এ বিষয়ে পূর্ণাঙ্গ ও নিয়মিত বেঞ্চে শুনানির জন্য মঙ্গলবার (১২ মার্চ) দিন ঠিক করেছেন আদালত। এদিনই জানা যাবে স্কুল বন্ধ, নাকি খোলা থাকছে। রোজায় স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা আপিল আবেদন শুনানি নিয়ে সোমবার (১১ মার্চ) আপিল বিভাগের বিচারপতি এম ইনায়েতুর রহিমের চেম্বার জজ আদালত এই আদেশ দেন। আদালতে আজ রাষ্ট্রপক্ষের করা আপিল আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন অ্যাটর্নি জেনারেল আবু মুহাম্মদ (এএম) আমিন উদ্দিন। তার সঙ্গে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শেখ মো. সাইফুজ্জামান। এ সময় অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল শেখ (এসকে) মুহাম্মদ মোর্শেদ ও সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুল আলম উপস্থিত ছিলেন। রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ।

এর আগে আজ পবিত্র রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করে রাষ্ট্রপক্ষ। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সংশ্লিষ্ট শাখায় এ আবেদন করা হয়। এরই ধারাবাহিকতায় সেটি শুনানি হয়।

এরও আগে পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা পৃথক দুটি প্রজ্ঞাপন স্থগিত করেন হাইকোর্ট। এ সিদ্ধান্তের ফলে রমজান মাসে সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখতে হবে। এ সংক্রান্ত এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে রোববার (১০ মার্চ) হাইকোর্টের বিচারপতি কে এম কামরুল কাদের ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে সেদিন রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ ও আইনজীবী মাহমুদা খানম। এ বিষয়ে রিটকারীর পক্ষের জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ জাগো নিউজকে জানান, রমজানে প্রাথমিক স্কুল ১০ দিন এবং হাইস্কুল ১৫ দিন খোলা রেখে সরকারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপন দুই মাসের জন্য স্থগিত করেছেন এবং একইসঙ্গে রুলও জারি করেছেন হাইকোর্ট।

গত ৮ ফেব্রুয়ারি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণকল্পে ২০২৪ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি আংশিক সংশোধনপূর্বক আসন্ন পবিত্র রমজানের প্রথম ১০ দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত পাঠদান কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১২ মার্চ থেকে রোজা শুরু হবে। অন্যদিকে, ১১ থেকে ২৫ মার্চ পর্যন্ত মোট ১৫ দিন সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয় জানায়, সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়গুলোর ২০২৪ সালের (১৪৩০-১৪৩১ বঙ্গাব্দ) শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি আংশিক সংশোধন করা হয়েছে। এর পরে বিষয়টি নিয়ে একজন অভিভাবক রিট আবেদন করেন। ওই রিটের শুনানি নিয়ে পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা দুটি প্রজ্ঞাপন দুই মাসের জন্য স্থগিত করেন হাইকোর্ট। এদিকে, রমজানে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে গত ২৫ ফেব্রুয়ারি হাইকোর্টে রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী মো. ইলিয়াছ আলী মন্ডল। কিন্তু ওই রিটের শুনানি এখনো হয়নি বলে জানান রিটকারী আইনজীবী। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## রমজানে স্কুল-কলেজ বন্ধ থাকলেও কিন্ডারগার্টেন খোলা

রমজানে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছিল সরকার। উচ্চ আদালতের নির্দেশে রমজানে স্কুল, কলেজ ও মাদরাসাসহ সব সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখতে হচ্ছে। তবে স্কুল-কলেজ-মাদরাসা বন্ধ থাকলেও রোজার মাসে রাজধানীসহ সারাদেশের প্রায় ৪৭ হাজার কিন্ডারগার্টেন খোলাই থাকছে। সোমবার (১১ মার্চ) বিকেলে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আদেশের পর কিন্ডারগার্টেনগুলোর মালিকদের কয়েকটি সংগঠনের নেতা ও বেশ কয়েকটি প্রতিষ্ঠানের কর্ণধারের সঙ্গে কথা বলে এ তথ্য জানা গেছে। যদিও আনুষ্ঠানিক সিদ্ধান্ত এখনো হয়নি বলে জানিয়েছেন তারা। কিন্ডারগার্টেন মালিকরা বলছেন, তাদের প্রতিষ্ঠানে সরকারি কোনো বরাদ্দ নেই। তারা নিজস্ব খরচে

প্রতিষ্ঠান চালাচ্ছেন। শিক্ষক-কর্মচারীর বেতন, ভবন ভাড়াসহ সবই আয় থেকে মেটাতে হয়। এখন তারা কিন্ডারগার্টেন স্কুল বন্ধ দিলে মার্চের বেতন তুলতে পারবেন না। এতে রমজান ও ইদে শিক্ষকদের বেতন-বোনাসও দিতে পারবেন না। এজন্য তারা ২০ মার্চ থেকে ২২ মার্চ পর্যন্ত হলেও কিন্ডারগার্টেন খোলা রাখতে চাইছেন।

বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল অ্যান্ড কলেজ ঐক্য পরিষদের চেয়ারম্যান এম ইকবাল বাহার চৌধুরী জাগো নিউজকে বলেন, ”সব বন্ধ হলেও বাধ্য হয়েই আমাদের কিছুদিন কিন্ডারগার্টেন খোলা রাখতে হবে। কিন্ডারগার্টেনে সব শ্রেণির শিশুরা পড়ে। কেউ মধ্যবিত্ত, কেউ নিম্ন-মধ্যবিত্ত। সব অভিভাবক মাসের শুরুর দিকে বেতন দিতে পারেন না। অনেকে বেসরকারি প্রতিষ্ঠানের চাকরিজীবী। তারা ১৫ তারিখে বেতন পান। সন্তানের স্কুলের বেতন দিতে দেরি হয়।„ তিনি বলেন, ”যদি আমরা চলতি মার্চ মাসের বেতন না তুলেই স্কুল বন্ধ দেই, তাহলে রমজান ও ইদে শিক্ষকদের না খেয়ে থাকতে হবে। কোথা থেকে তাদের বেতন-বোনাস দেবো? এজন্য আমরা কিছুদিন কিন্ডারগার্টেন খোলা রাখবো।„

বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল অ্যান্ড কলেজ অ্যাসোসিয়েশনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম খন্দকার বলেন, ”কিন্ডারগার্টেনে তো সরকারি বরাদ্দ নেই। নিজস্ব খরচে আমরা চলি। আমাদের সিদ্ধান্ত আমরা নেবো। আমাদের কিছুদিন খোলা রাখতেই হবে।„ কিন্ডারগার্টেন ও সমমনা স্কুল রক্ষা জাতীয় কমিটির সাবেক প্রধান সমন্বয়কারী মোহাম্মদ আব্দুল অদুদ বলেন, ”সরকারি-বেসরকারি স্কুলকলেজ আর কিন্ডারগার্টেন এক নয়। কিন্ডারগার্টেন রোজার মাসেও কিছুদিন চালাতেই হবে। তা না হলে এসব প্রতিষ্ঠান টিকবে না।„

রাজধানীর রামপুরার উলান রোডের সপ্তবর্ণ বিদ্যা নিকেতনের পরিচালক মারুখা খান জাগো নিউজকে বলেন, ”আমার এখানে ২০০ শিক্ষার্থীর মতো রয়েছে। অভিভাবকরা কেউই ১৫ তারিখের আগে বেতন দিতে চান না। মিডল ক্লাস এবং লয়ার-মিডল ক্লাস ফ্যামিলির বাচ্চারা বেশি আমার প্রতিষ্ঠানে। তাদের তো জোর করতেও পারি না। আবার শিক্ষকদের বেতন, ভবনের ভাড়া দিতে হলে আয় তো দরকার। সবমিলিয়ে রোজার মাসে স্কুল দ্রুত বন্ধ করে দিলে শিক্ষকদের বেতন ও ইদের বোনাস দেওয়া কষ্টসাধ্য হয়ে পড়বে।„ তিনি বলেন, ”এখনো স্কুল বন্ধের সিদ্ধান্ত বা নোটিশ দেইনি আমরা। সবাই যে সিদ্ধান্ত নেয়, সেটা আমাকেও নিতে হবে। তবে স্কুল এখনই বন্ধ করতে হয়তো পারবো না। আরও এক সপ্তাহ খোলা রাখতে হতে পারে।„ (জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## ‵৬ লাখ টাকা দেনা, চিরকুট লিখে আওয়ামী লীগ নেতার গলায় ফাঁস

‵ঋণের চাপে, গলায় ফাঁস দিয়েছেন চট্টগ্রাম নগরের এক আওয়ামী লীগ নেতা। মৃত্যুর আগে চিরকুটে লিখে গেছেন সেই বেদনার গল্প। তিনি হলেন চট্টগ্রাম নগরের ৩৮ নম্বর ওয়ার্ডের আইন বিষয়ক সম্পাদক জাহিদুল আলম মিন্টু (৩৮)। রোববার বিকেলে নগরের দক্ষিণ মধ্যম হালিশহরের দুই নম্বর সাইট এলাকার নিজের বাসা থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। মৃত্যুর আগের লেখা চিরকুটে তিনি উল্লেখ করেন, তার ছয় লাখ টাকা দেনা আছে। বিষয়টি নিয়ে মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন। মৃত্যর আগে চিরকুটটি নিজের জাতীয় পরিচয়পত্রের সঙ্গে মুড়িয়ে রেখেছিলেন জাহিদুল আলম মিন্টু। বন্দর থানার পরিদর্শক (ওসি) মনজুর কাদের মজুমদার জাগো নিউজকে বলেন, ”জাহিদুল আলম মিন্টু নিজের বাসায় রোববার বিকেল ৫টার দিকে আত্মহত্যা করেন। খবর পেয়ে আমরা মরদেহ উদ্ধার করি। মৃত্যুর আগে তিনি একটি চিরকুট লিখে যান। যেখানে তিনি কয়েক লাখ টাকা ঋণগ্রস্ত ছিলেন বলে উল্লেখ করেন।„

(জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## দামে রেকর্ড, সাধারণ মানুষের নাগালের বাইরে খেজুর

রোজার মাসে ইফতারে খেজুর মুসলমানদের কাছে ঐতিহ্যে পরিণত হয়েছে। রমজান মাস এলেই ভোক্তাদের চাহিদার শীর্ষে থাকে বিদেশি এ ফলটি। প্রতি বছরই রোজায় খেজুরের দাম কিছুটা বাড়ে। তবে এবারের মূল্যবৃদ্ধি অতীতের সব রেকর্ড ছাড়িয়েছে। সাধারণ মানের বিভিন্ন জাতের খেজুরও সাধারণ মানুষের অনেকটা নাগালের বাইরে। বাজারে অন্য নিত্যপণ্যের দামে চিড়েচ্যাপ্টা মানুষের কাছে ইফতারিতে খেজুর হয়ে উঠেছে রীতিমতো বিলাসী পণ্য। সরেজমিনে রাজধানীর ঐতিহ্যবাহী বাদামতলী ফলের আড়ত ঘুরে দেখা যায়, সৌদি, মিশর, দুবাই, তিউনিসিয়া, ইরান থেকে আসা বিভিন্ন জাতের খেজুরে ভরা বাজার। আমদানি করা নানান জাতের খেজুরের মধ্যে রয়েছে বিভিন্ন জাতের মরিয়ম, মাবরুম, কালমি, দাবাস, জাহিদি, সায়ের, আজওয়া, মেডজুল, সুক্কারি ও মাশরুখ।

খোঁজ নিয়ে জানা যায়, এবছর পাইকারিতে পাঁচ কেজি মরিয়ম খেজুর মানভেদে ৪ হাজার ৩০০ থেকে শুরু করে ৫ হাজার ৫০০ টাকায় বিক্রি হচ্ছে, যা গত বছর ছিল ২ হাজার ৫০০ থেকে সর্বোচ্চ ৪ হাজার টাকা। কালমি খেজুর বিক্রি হচ্ছে ৪ হাজার ২০০ টাকায়, যা বিগত বছর ছিল ২ হাজার ৫০০ টাকা। প্রতি পাঁচ কেজি আজওয়া খেজুর বিক্রি হচ্ছে ৩ হাজার ৫০০ থেকে ৪ হাজার ২০০ টাকায়, যা গত বছর ছিল ২৬০০ থেকে সর্বোচ্চ ৩২০০ টাকা। এবছর মাবরুম খেজুর বিক্রি হচ্ছে ৩৫০০ থেকে ৪ হাজার ৫০০ টাকায়, যা গত বছর ছিল ২২০০ থেকে শুরু করে ৩২০০ টাকা। গত বছর সাড়ে ৫ থেকে ৬ হাজার টাকায় বিক্রি হওয়া মেডজুল এবার বিক্রি হচ্ছে সাড়ে ৭ হাজার থেকে ৮ হাজার টাকায়। ব্যবসায়ীরা জানান, এবছর দাম বাড়ায় মাবরুম, মরিয়ম, আজওয়া, কালমির যে চাহিদা ছিল সেটা কিছুটা কমেছে। সাধারণ মানুষ বাজারে তুলনামূলক কম দামি খেজুর খুঁজছেন। বাদামতলীতে পাঁচ কেজি ওজনের জাহিদি খেজুরের

প্যাকেট বিক্রি হচ্ছে ১২০০ থেকে ১৫০০ টাকায়, যা গত বছর ছিল ৬৫০ থেকে ৯০০ টাকা। ১৮০০ টাকায় বিক্রি হওয়া দাবাস বিক্রি হচ্ছে ৪ হাজার টাকায়। খুচরা বাজারে খোঁজ নিয়ে জানা যায়, বিগত বছরের তুলনায় কেজিপ্রতি খেজুরের দাম বেড়েছে ২০০ থেকে ৬০০ টাকা পর্যন্ত। খুচরা বাজারে এবার বিভিন্ন জাতের মরিয়ম, মাবরুম, কালমি খেজুর ১ হাজার থেকে ১ হাজার ২০০ টাকার নিচে মিলছে না। মধ্যমমানের দাবাস, মাশরুখ, সুক্কারি ৫৫০ থেকে ৮৫০ টাকায় বিক্রি হচ্ছে। ১৫০ টাকা কেজি দরের জাহিদি এবার ৩০০ টাকা হাঁকাচ্ছে দাম।

ব্যবসায়ীদের দাবি, আমদানিনির্ভর হওয়ায় আমদানি ব্যয়, ভ্যাট, করসহ নানা খরচের কারণে খেজুরের দাম এবার গতবারের দ্বিগুণের চেয়ে বেশি। এছাড়া ডলারের মূল্যবৃদ্ধি, কাস্টম ডিউটি ট্যাক্স ও রেগুলেটরি ডিউটি ট্যাক্স দাম বাড়ার প্রধান কারণ।

বাদামতলীর জমজম ফ্রুটস এন্টারপ্রাইজের আবুল কালাম জাগো নিউজকে বলেন, ”পাঁচ বছর ধরে খেজুরের ব্যবসা করি। এত চড়া মূল্য কখনো হয়নি। ভ্যাট-ট্যাক্সের কারণে বাজারে অস্থিরতা বেশি। গত বছর প্রতি কনটেইনার মাল আনতে ট্যাক্স ছিল তিন লাখ, এবছর হিমায়িত কনটেইনার ট্যাক্স ধরেছে ৫৪ লাখ টাকা। কেউ এর চেয়ে কিছু কমবেশি দিয়েও নিয়েছে। প্রতি কন্টেইডনারে মাল থাকে ২৫ টন। ট্যাক্স বেশি হওয়ার কারণে অনেকে মাল আমদানি করতে পারেনি।„ তিনি বলেন, `বাজারের সর্বোচ্চ দামের মাবরুম, মরিয়ম, মেডজুল, কালমি, আজওয়া এবার কম চলছে। মালের মজুতও রয়েছে অনেক। কিন্তু দামি খেজুরের ক্রেতা কম।,

বাংলাদেশ ফ্রেশ ফ্রুটস ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি সিরাজুল ইসলাম জাগো নিউজকে বলেন, ”খেজুর এখন ইতিহাসের সর্বোচ্চ দামে বিক্রি হচ্ছে। সর্বোচ্চ ট্যাক্স। সরকার এটাকে বিলাসী পণ্য বানিয়ে ফেলছে। এমন অবস্থা, এক হাজার ডলারের মাল আনলে অ্যাসেসমেন্ট করতে হয় আড়াই হাজার ডলারের। ১৫ শতাংশ ভ্যাট থাকলেও অ্যাসেসমেন্টের কারণে দাম অনেক বেড়ে গেছে।„ আমরা যখন এলসি করি তখন কাস্টম থেকে অ্যাসেসমেন্ট ভ্যালু ইচ্ছামতো অ্যাড করা হচ্ছে। ফলে খেজুরের দাম ২০০ থেকে ৩০০ টাকা বেড়েছে। এলসি যে মূল্যে খুলছি সে অনুযায়ী শুল্ক নির্ধারণ হলে খেজুরের দাম অর্ধেকে নেমে আসে। কিন্তু সেটা করা হচ্ছে না। অনেকে বন্দরেই বিক্রি করে দিচ্ছে। বাজারে সিন্ডিকেট বা কৃত্রিম মজুত আছে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, যত বেশি খেজুর বিক্রি করতে পারবো ততো লাভ। সিন্ডিকেট কেনো আসবে। দোকানে মালের দরদাম ঝোলানো রয়েছে। প্রয়োজনে ভোক্তা অধিকার অভিযান চালাক। যারা আমদানি করতে পারে না এসব তাদের অভিযোগ। সমাজে অধিকাংশ মানুষের কথা চিন্তা করলে দামি খেজুর এবার কম চলছে। মধ্যবিত্তের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## চাঁদ দেখা গেছে, মঙ্গলবার থেকে রোজা

দেশের আকাশে সোমবার (১১ মার্চ) সন্ধ্যায় রমজান মাসের চাঁদ দেখা গেছে। তাই মুসলমানদের সিয়াম সাধনার (রোজা) মাস পবিত্র রমজান শুরু হচ্ছে মঙ্গলবার (১২ মার্চ)। আগামী ৬ এপ্রিল (শনিবার) দিনগত রাতে পবিত্র লাইলাতুল কদর পালিত হবে। সোমবার সন্ধ্যায় রাজধানীর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের দ্বিনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগে ফোন করে ফাউন্ডেশনের মানিকগঞ্জ, শরীয়তপুর, হবিগঞ্জসহ বিভিন্ন জেলার উপ-পরিচালক চাঁদ দেখার সংবাদ জানান। কিছুক্ষণের মধ্যে চাঁদ দেখার সংবাদ আনুষ্ঠানিকভাবে জানাবে জাতীয় চাঁদ দেখা কমিটি। এবার ২৯ দিনেই শেষ হলো শাবান মাস। রমজান মাস শেষেই আসবে মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ইদ-উল ফিতর। আগামী ৬ এপ্রিল শনিবার দিনগত রাতে (রমজানের ২৭তম রাত) পবিত্র লাইলাতুল কদর পালিত হবে বলেও জানান তিনি। সোমবার রাতেই এশার নামাজের পর ২০ রাকাত বিশিষ্ট তারাবিহ নামাজ শুরু হবে। রোজা রাখতে শেষ রাতে সেহরি খাবেন মুসলমানরা। ঢাকায় প্রথম দিন সেহরির শেষ সময় রাত ৪টা ৫১ মিনিট। মঙ্গলবার প্রথম রোজার ইফতারের সময় ৬টা ১০ মিনিট। ধর্মপ্রাণ মুসলমানদের কাছে রমজান সংযম, আত্মশুদ্ধি এবং ত্যাগের মাস। রমজান রহমত (আল্লাহর অনুগ্রহ), মাগফেরাত (ক্ষমা) ও নাজাত (দোজখের আগুন থেকে মুক্তি)- এ তিন অংশে বিভক্ত। এ মাসে সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার, স্ত্রী সহবাস ও যে-কোনো ধরনের পাপ কাজ থেকে বিরত থাকার মাধ্যমে রোজা পালন করেন মুসলমানরা। এ মাসের শেষ অংশে রয়েছে হাজার মাসের এবাদতের চেয়েও উত্তম লাইলাতুল কদরের রাত। ইসলাম ধর্ম অনুযায়ী, রমজান মাসে প্রতিটি নেক আমলের সওয়াব আল্লাহ পাক ৭০ গুণ বাড়িয়ে দেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## রমজানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি প্রতিরোধে ব্যবস্থার নির্দেশ

রমজানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মাঠ পর্যায়ের পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে। অতিরিক্ত আইজিপি (ক্রাইম অ্যান্ড অপারেশনস) মো. আতিকুল ইসলামের সভাপতিত্বে সোমবার (১১ মার্চ ২০২৪) বিকেলে পুলিশ সদর দপ্তরে অনুষ্ঠিত মাসিক (জানুয়ারি/২০২৪) অপরাধ পর্যালোচনা সভায় এ নির্দেশনা দেওয়া হয়। অতিরিক্ত আইজিপি হারানো মোবাইল সেট উদ্ধার অভিযান জোরদার করা এবং মোবাইল সেট

ছিনতাই/চুরি প্রতিরোধে টহল বাড়ানোর নির্দেশও দিয়েছেন। তিনি কিশোর অপরাধ দমনের ওপর গুরুত্বারোপ করে বলেন, কোনো এলাকায় কিশোর গ্যাং গড়ে ওঠার আগেই তা নির্মূলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

সভায় আঞ্চলিক সড়কে সড়ক দুর্ঘটনা রোধে বিশেষ ব্যবস্থা গ্রহণ এবং অপমৃত্যু মামলা প্রতিরোধে প্রো-অ্যাকটিভ পুলিশিংয়ের ওপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া জানুয়ারি মাসের সার্বিক অপরাধ পর্যালোচনা, সাজাপ্রাপ্ত গ্রেফতারি পরোয়ানা, মামলা তদন্ত ও বিচারের ফলাফল, সাজার হার এবং সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনার বিষয়ে আলোচনা করা হয়। ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত এ সভায় মেট্রোপলিটন পুলিশ কমিশনার, রেঞ্জ ডিআইজি ও জেলার পুলিশ সুপাররা অংশ নেন। পুলিশ সদর দপ্তর প্রান্তে ডিআইজি (অপারেশনস) মো. আনোয়ার হোসেন, ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট) জয়দেব কুমার ভদ্র এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : **১১.০৩.২০২৪** নারগীস)

## আগামীতে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক আরও সুন্দর হবে

আগামীতে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আরও সুন্দর হবে বলে আশা প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সোমবার (**১১** মার্চ) দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ সংক্রান্ত প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। যুক্তরাষ্ট্রের বাজারে পোশাক রপ্তানিতে বাংলাদেশসহ শীর্ষ পাঁচ দেশের বিষয়ে তদন্ত শুরু করেছে দেশটির আন্তর্জাতিক বাণিজ্য কমিশন (ইউএসআইটিসি)। এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র তদন্ত করছে, কথাটা সঠিক নয়। তাদের সঙ্গে লেবার রাইটসের উন্নয়ন নিয়ে আমাদের বহুদিন ধরে আলাপ-আলোচনা চলছে। সেই আলাপ-আলোচনার অংশ হিসেবে কয়েকটি সংস্থা আমাদের সঙ্গে বসেছে। লেবার রাইটস নিয়ে এটা রেগুলার প্রসেস। এটা আগেও হয়েছে। অর্থাৎ কর্মপরিবেশ উন্নয়ন, শ্রম পরিবেশ উন্নয়ন, এসব নিয়ে আমাদের মধ্যে আলাপ-আলোচনা আছে, চলছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের চিঠি ও সরকার প্রধানের ফিরতি চিঠির জবাবের প্রসঙ্গ টেনে মন্ত্রী বলেন, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন চিঠি লিখে দুই দেশের সম্পর্ক দ্বিতীয় পর্যায়ে এবং নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার অভিপ্রায় ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রীও ফিরতি চিঠিতে সম্পর্ক উন্নয়নের কথা আরও দৃঢ় করার কথা, বহুমাত্রিক করার কথা বলেছেন। আমাদের সম্পর্ক ভবিষ্যতের দিনগুলোতে আরও সুন্দর হবে, আরও দৃঢ় হবে, এগিয়ে যাবে। রমজানে পণ্যমূল্য স্থিতিশীল রাখতে সরকার যেমন অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বদ্ধপরিকর তেমনই জনগণকেও সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি।

ড. হাছান বলেন, পণ্যের যথেষ্ট সরবরাহ থাকা সত্ত্বেও এক শ্রেণির অসাধু ব্যবসায়ী অবৈধভাবে পণ্য মজুত করে ও অতিরিক্ত মুনাফা লাভের জন্য কৃত্রিম উপায়ে দাম বাড়ায়, যা অত্যন্ত দুঃখজনক। সারা বিশ্বে উৎসব পার্বণে দ্রব্যমূল্য কমে আর আমাদের দেশে অসাধু ব্যবসায়ীরা দাম বাড়ায়। সরকার অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বদ্ধপরিকর এবং অভিযানও চলমান। অসাধু ব্যবসায়ীদের সিন্ডিকেটের বিরুদ্ধে জনগণ যখন মোর্চা গড়ে তুলবে তখন তারা কোথায় যাবে- প্রশ্ন রাখেন হাছান মাহমুদ। (জাগো এফএম ওয়েব পেজ : **১১.০৩.২০২৪** নারগীস)

## আবারও বিজিপির ২৯ সদস্য আশ্রয় নিলেন বাংলাদেশে

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারের অভ্যন্তরে ফের গোলাগুলির ঘটনা ঘটছে। সংঘর্ষ ঘিরে আবারও বাংলাদেশে প্রবেশ করছেন দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সদস্যরা। সোমবার (**১১** মার্চ) সকালে বিজিপির মোট ২৯ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, বিজিবির নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়নের (**১১** বিজিবি) অধীনস্থ জামছড়ি বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা দিয়ে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর অংথাপায়া ক্যাম্প থেকে ২৯ জন বিজিপি সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। এর আগে গত ফেব্রুয়ারিতে আরাকান আর্মির আক্রমণের মুখে বাংলাদেশে আশ্রয় নেন বিজিপি সদস্যসহ ৩৩০ জন। পরে **১৫** ফেব্রুয়ারি কক্সবাজারের উখিয়া ইনানী নৌ-বাহিনীর জেটিঘাট থেকে জাহাজে করে তাদের মিয়ানমারে ফিরিয়ে দেওয়া হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : **১১.০৩.২০২৪** নারগীস)

## খরচ বাড়লেও রমজানে পণ্যের দাম বাড়াবেন না আমিরাতের ব্যবসায়ীরা

মধ্যপ্রাচ্যে অস্থিরতার জেরে সম্প্রতি সমুদ্রপথে পণ্য আমদানির খরচ বেড়েছে। তা সত্ত্বেও রমজান মাসে নিত্যপণ্যের দাম না বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন সংযুক্ত আরব আমিরাতের ব্যবসায়ীরা। পাশাপাশি, অত্যাবশ্যক পণ্যগুলোতে মূল্যছাড়ও দিচ্ছেন তারা। গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে সাম্প্রতিক মাসগুলোতে লোহিত সাগর দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজে হামলা চালাচ্ছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। এ কারণে বিশ্বের অন্যতম ব্যস্ত এই শিপিং রুট পরিহার করে আফ্রিকা মহাদেশ ঘুরে যাতায়াত করছে অনেক জাহাজ। এর ফলে পরিবহণ খরচ বেড়েছে। এরপরও রোজাদারদের যেন দুর্ভোগ না হয়, সে কারণে পবিত্র রমজান মাসে নিত্যপণ্যের দাম স্থির রাখার সিদ্ধান্ত নিয়েছে আমিরাতের সুপারমার্কেটগুলো।

লুলু গ্রুপের রিটেইল অপারেশন ডিরেক্টর শাবু আব্দুল মজিদ বলেছেন, আমরা আমাদের সব সরবরাহকারীকে দাম না বাড়াতে নির্দেশ দিয়েছি এবং দাম স্থিতিশীল রাখার জন্য কাজ করছি। তিনি বলেন, আমরা পুরো রমজান মাসজুড়ে অত্যাবশ্যকীয় পণ্যের দাম স্থির রাখার সিদ্ধান্ত নিয়েছি এবং খাদ্য ও অন্যান্য মুদিপণ্যে ৬০ থেকে ৭০ শতাংশ ছাড়ের ব্যবস্থা করেছি। মূল্যছাড় দিচ্ছে সুপারমার্কেট চেইন চোইথরামও। সংস্থাটির প্রধান নির্বাহী রাজীব ওয়ারিয়ার বলেন, রমজান এবং আমাদের ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আমরা সংযুক্ত আরব আমিরাতে নিজেদের সব স্টোরে নতুন ধরনের প্রচারণা শুরু করেছি। আমরা আশা করছি, দাম স্বল্পমেয়াদে হলেও স্থিতিশীল থাকবে। যদি সুদের হার কমে যায়, তাহলে সেটি আমাদের মালামাল পরিবহণ ও অন্যান্য কারণে বাড়তি খরচ প্রশমনে সাহায্য করবে। রমজানে জিনিসপত্রের দাম না বাড়ানোর কথা জানিয়েছে স্থানীয় সুপারমার্কেট চেইন স্পিনিস। সংস্থাটির প্রধান নির্বাহী সুনীল কুমার বলেছেন, বর্তমান আঞ্চলিক পরিস্থিতির কারণে আমাদের কোনো মূল্য সমন্বয় করতে হয়নি। তিনি বলেন, শিপিং খরচ সামান্য বেড়েছে। তবে অতীতে, যেমন- করোনা ভাইরাস মহামারির সময় যা দেখেছি, এটি তার ধারে-কাছেও নেই। আমরা বিকল্প পরিবহণ পদ্ধতি ব্যবহার করে আমাদের সরবরাহ ব্যবস্থার খরচ বৃদ্ধি প্রশমিত করছি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## আইনজীবী যুথি প্রসঙ্গে যা বললেন ডিবিপ্রধান

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনকে কেন্দ্র করে অ্যাডভোকেট নাহিদ সুলতানা যুথিকে আটকের খবর নাকচ করলেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান মোহাম্মদ হারুন অর রশীদ। তিনি বলেন, নির্বাচনে (সুপ্রিম কোর্টে) হট্টগোল, হাতাহাতি ও মারামারির ঘটনায় যারাই জড়িত থাকুক, প্রত্যেককে গ্রেফতার করবো। আর যুথিকে গ্রেফতার করে ডিবিতে আনার খবরের কোনো ভিত্তি নেই। সোমবার (১১ মার্চ) নিজ কার্যালয়ে সংবাদ ব্রিফিংয়ে এ কথা জানান ডিবি প্রধান হারুন অর রশীদ। সাধারণ সম্পাদক পদে স্বতন্ত্র প্রার্থী নাহিদ সুলতানা যুথিকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) আটকের খবর নাকচ করলেন ইউনিটটির প্রধান মোহাম্মদ হারুন অর রশীদ। অ্যাডভোকেট নাহিদ সুলতানা যুথি যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশের স্ত্রী। মামলায় অনেক আইনজীবী গ্রেফতার হলেও যুথিকে খুঁজে পাচ্ছে না আইন-শৃঙ্খলা বাহিনী।

ডিবি প্রধান বলেন, সুপ্রিম কোর্টের আইনজীবীদের নির্বাচনে হামলা সহিংসতার ঘটনায় এরই মধ্যে কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে। এ ঘটনায় যারাই জড়িত থাক প্রত্যেককে গ্রেফতার করবে ডিবি। এসময় যুথির বাসায় অভিযানের ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি জানান, আসামিরা যত শক্তিশালীই হোক, তা আমরা দেখি না। যাদের নামে মামলা হয়েছে সবাইকে গ্রেফতার করা হবে। তাদের প্রত্যেককে ধরার জন্য আমাদের ডিবি টিম কাজ করছে। যখনই আমরা পাবো, তখনই গ্রেফতার করবো। এসময় ডিবি প্রধান হারুনের কাছে সাংবাদিকরা জানতে চান, আপনারা যুথিকে গ্রেফতার করে ডিবিতে এনেছিলেন। এর জবাবে হারুন বলেন, এসব কথার কোনো ভিত্তি নেই।
(জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## রমজানে বিএনপি যত কর্মসূচি দেবে তত জনবিচ্ছিন্ন হবে

রমজানে সংযম না করে বিএনপি যতই কর্মসূচি পালন করবে ততই তারা জনবিচ্ছিন্ন হয়ে পড়বে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার (১১ মার্চ) দুপুরে বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সম্পাদকমণ্ডলীর সভায় তিনি এ মন্তব্য করেন। রমজানে সরকার বিরোধী কর্মসূচি চালিয়ে যাওয়ার ইঙ্গিত দিচ্ছে বিএনপি- এ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, এতে করে তাদের জনসম্পৃক্ততা অব্যাহতভাবে কমতে থাকবে। রোজার মাসে সংযম না করে বিএনপি যতই আন্দোলন করবে তারা ততোই জনবিচ্ছিন্ন হয়ে পড়বে।

এসময় সুপ্রিম কোর্ট বার নির্বাচনে সহিংসতাকারীদের বিষয়ে সরকারের শক্ত অবস্থান তুলে ধরেন মন্ত্রী। তিনি বলেন, কোনো অপরাধ ও অপকর্ম যদি সরকারি ছত্রছায়ায় হয়ে থাকে এবং সরকার যদি কাউকে ছাড় না দেয়, তখন বুঝতে হবে সরকার এখানে শূন্য সহিষ্ণুতা বজায় রেখেছে। অপরাধী যতই প্রভাবশালী হোক, অপরাধীকে অপরাধী হিসেবে বিচার করা হবে। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, আমি যুবলীগ, আওয়ামী লীগ, ছাত্রলীগ বুঝি না। অপরাধী অপরাধীই। অপরাধী যেই হোক, ছাড় দেওয়া হবে না। প্রধানমন্ত্রী এ ব্যাপারে অত্যন্ত কঠোর। রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ নিয়ে তিনি বলেন, রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের একটা বিষয় আছে। সরকার অত্যন্ত সতর্ক ও সর্বাত্মক প্রয়াস চালাচ্ছে, যেন দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে থাকে, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে। শেখ হাসিনার সরকার এ ব্যাপারে সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, বিশ্ব সংকটের প্রেক্ষাপটেও এরই মধ্যে জ্বালানি তেলের দাম কমানো হয়েছে, যা বিএনপির সময় হয়নি। তারা শুধু দাম বাড়াতে পারে। বিশ্ব সংকটের মধ্যে তেলের দাম কমানো নিয়ে যারা সরকারের প্রশংসা করে না তারা বিরোধিতার নামে বিরোধিতা করে।

সেতুমন্ত্রী বলেন, গতবারের মতো এবারও রমজানে সরকারের পাশাপাশি দলীয়ভাবে আওয়ামী লীগের পক্ষ থেকে কোনো ইফতার পার্টি করা হবে না। এর পরিবর্তে সারাদেশে আওয়ামী লীগের পক্ষ থেকে গরিব ও সাধারণ মানুষের

মাঝে ইফতার ও ত্রাণসামগ্রী বিতরণের নির্দেশনা দিয়েছেন আওয়ামী লীগ সভাপতি বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ময়মনসিংহ ও কুমিল্লা সিটিসহ ২৩৩টি স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, সারাদেশে একযোগে এই নির্বাচন মোটামুটি শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন নিয়ে দেশে-বিদেশে অনেক অপপ্রচার হয়েছে। ভোটার উপস্থিতি নিয়ে অনেক অপবাদ ছড়ানো হয়েছে। কেউ কেউ বিবৃতি দিয়ে এই নির্বাচনের ব্যাপারে বিতর্কিত খবর পরিবেশনও করেছেন।

ওবায়দুল কাদের বলেন, দেশের সাধারণ নির্বাচনের পর স্থানীয় সরকার নির্বাচনে টার্ন আউট ঈর্ষণীয়। নির্বাচন কমিশন বলছে টার্ন আউট ৬০ শতাংশ। তিনি বলেন, নির্বাচনের প্রতি জনগণ আগ্রহ হারিয়ে ফেলেছে- এ ধরনের অপপ্রচার যারা করে তাদের এই অপপ্রচারের বাস্তব কোনো ভিত্তি নেই। স্থানীয় সরকার নির্বাচনে টার্ন আউট প্রমাণ করে জনগণের নির্বাচনের প্রতি আকর্ষণ, আগ্রহ আরও বাড়ছে। শেখ হাসিনার হাতেই এদেশের গণতন্ত্র ও নির্বাচন ব্যবস্থা নিরাপদ। এটাই প্রমাণিত হয়েছে সাম্প্রতিক নির্বাচনের মধ্যদিয়ে। বিশ্ব সংকটে আমাদের পরিকল্পনা সাজাতে হবে। শেখ হাসিনা প্রমাণ করেছেন তিনি যথার্থ ক্রাইসিস ম্যানেজার। সারা বিশ্ব তার নেতৃত্বের প্রশংসা করেছে।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, আমরা বিদেশিদের সঙ্গে বন্ধুত্ব করি। তাদের কথায় রাজনীতি করি না। রাজনৈতিকভাবে চরমভাবে পরাজিত, বিপর্যস্ত বিএনপির পায়ের তলার মাটি ক্রমেই সরে যাচ্ছে। দেশের মানুষকে বাদ দিয়ে বিদেশিদের কাছে নালিশ করা- এই অসম্মানজনক কর্মকাণ্ড তারা চালিয়ে যাচ্ছে। বিএনপি নেতাদের গ্রেফতার নিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, নিরপরাধ ব্যক্তি এখানে নিপীড়নের শিকার হচ্ছে না। যারা অপরাধী, সন্ত্রাস করে এবং আগুন সন্ত্রাসে জড়িত জনগণের জানমাল রক্ষায় তাদের ছাড় দেওয়া কোনো দেশপ্রেমিক সরকারের পক্ষে সম্ভব নয়। বিএনপি নেতাকর্মীদের জেলে থাকা নিয়ে দলটির শীর্ষ নেতারা ক্রমাগত মিথ্যাচার করছেন। ওবায়দুল কাদের বলেন, শেখ হাসিনা মানবতার প্রতীক। গত ৪৮ বছরে তার অর্জনের ধারেকাছেও কেউ যেতে পারেনি। বিএনপি হচ্ছে খুনি-সন্ত্রাসীদের দল। মানুষ পুড়িয়ে মারার দল। দুর্নীতির বরপুত্র তারেক জিয়া যে দুর্নাম অর্জন করেছে, তার জন্য সে জনগণ থেকে বিচ্ছিন্ন। বিএনপি তাকে যতই নেতা বানানোর চেষ্টা করুক দেশের জনগণ তাকে নেতা হিসেবে মেনে নেবে না। যতদিন তারেক জিয়া থাকবে ততদিন বিএনপি স্বাভাবিক কারণে জনবিচ্ছিন্ন ও অপ্রাসঙ্গিক হয়ে পড়বে। বিএনপির মিথ্যাচার এখন দলটির নেতাকর্মীরাও বিশ্বাস করে না।

(জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

### আদালতের চূড়ান্ত রায়ের আগে কোনো নির্দেশনা নয়: শিক্ষা মন্ত্রণালয়

রমজানে দেশের সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখতে শিক্ষা মন্ত্রণালয় যে সিদ্ধান্ত নিয়েছিল, তা স্থগিত করেছেন উচ্চ আদালত। হাইকোর্টের আদেশের পর তা স্থগিতের জন্য আপিল বিভাগে আবেদন করে রাষ্ট্রপক্ষ। তবে আপিল বিভাগ হাইকোর্টের স্কুল বন্ধ রাখার সিদ্ধান্তটি বহাল রেখেছেন। সে হিসাবে মঙ্গলবার (১২ মার্চ) রমজানের প্রথম দিনে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ থাকার কথা। বিচার বিভাগ থেকে আসা সিদ্ধান্ত নিয়ে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে কোনো নির্দেশনা দেয়নি শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সারাদেশের শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দফায় দফায় ফোনকল এলেও কোনো সুনির্দিষ্ট সিদ্ধান্ত জানাতে পারছেন না কর্মকর্তারা।

দুই মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, আপিল বিভাগ হাইকোর্টের স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত বহাল রাখলেও এখনো চূড়ান্ত কোনো আদেশ দেননি। যতক্ষণ না আদালত চূড়ান্ত আদেশ বা রায় দিচ্ছেন, ততক্ষণ তারা এ নিয়ে কোনো নির্দেশনামূলক বিজ্ঞপ্তি দেবেন না। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.০৩.২০২৪ নারগীস)

## BBC

### TRUMP WILL NOT FUND UKRAINE: HUNGARY PM

Donald Trump will not fund Ukraine's fight against Russia's invasion if he is elected US president again, Hungarian PM Viktor Orban has said. "He will not give a penny in the Ukraine-Russia war. That is why the war will end," the conservative premier said after meeting Mr Trump in Florida. The former US president has pledged to end the war "within 24 hours" if elected - but provided no details. Mr Orban is openly backing his long-term ally in the 2024 White House race. (BBC Web Page: 11/03/23, FARUK)

### HAITI SPIRALS TO COLLAPSE AS GANGS TIGHTEN GRIP

Haiti is fast descending into anarchy. Over the weekend, the violence in the capital Port-au-Prince ramped up once again. Heavily armed gangs attacked the National Palace and set part of the Interior Ministry on fire with petrol bombs. It comes after a sustained attack on the International airport, which remains closed to all flights - including one carrying Prime Minister Ariel Henry. He tried to fly back to Haiti from the United States last week, but his plane was refused permission to land. He was then turned away from the neighbouring

Dominican Republic too. Mr Henry is now stuck in Puerto Rico, unable to set foot in the nation he ostensibly leads. (BBC Web Page: 11/03/24, FARUK)

**FIFTY HURT AS JET TO NZ HIT BY TECHNICAL ISSUE**

A passenger has described the moment people hit the roof of a plane travelling from Australia to New Zealand during what was described as a mid-air technical event. Brian Jokat said a number of people suffered head injuries after the LatAm Airlines jet dropped unexpectedly, throwing some out their seats. Fifty were hurt and 12 were taken to hospital om landing in Auckland. Emergency services said one was in a serious condition.
(BBC Web Page: 11/03/24, FARUK)

**BODIES OF FIVE SKIERS FOUND IN SWISS ALPS**

The bodies of five missing skiers have been found in the Swiss Alps, police have said. Local authorities are still searching for a sixth person. A huge search and rescue operation was launched on Saturday after the group went missing near the 3,706m high Tete Blanche Mountain. They had set off from Zermatt, home of the famous Matterhorn Mountain, on a ski tour towards Arolla along the Swiss-Italian border. Five of the six skiers were found at 21:20 local time "without any signs of life," a statement from Swiss Valais canton police said.
(BBC Web Page: 11/03/24, FARUK)

**AL-QAEDA'S YEMEN BRANCH ANNOUNCES LEADER'S DEATH**

Al-Qaeda's Yemen branch has announced the death of its leader, although the circumstances remain unclear. A video published by al-Qaeda in the Arabian Peninsula (AQAP) showed Khalid Batarfi's body wrapped in a funeral shroud and the group's banner. A statement read by a senior figure did not indicate how he died, but it used wording that did not suggest he was killed like his predecessor. Batarfi, a Saudi national who was in his 40s, became AQAP's leader in 2020. The US designated him a global terrorist in 2018 and placed a $5m bounty on his head. (BBC Web Page: 11/03/24, FARUK)

**CENTRE RIGHT WINS PORTUGAL ELECTION AS FAR RIGHT SURGES**

Portugal's centre right has claimed a narrow election victory, but has little chance of forming a majority government. Democratic Alliance leader Luis Montenegro told supporters that the Portuguese had voted for change, although the margin of victory was less than convincing. Both main parties polled about 29% of the vote. Only far-right Chega could claim a clear-cut success. Five years after it broke into Portuguese politics, the party led by former football pundit Andre Ventura has secured 18% of the vote and 48 seats in the 230-seat parliament.
(BBC Web Page: 11/03/24, FARUK)

**UKRAINE CRITICIZES POPE'S 'WHITE FLAG' COMMENT**

Ukraine has strongly rejected a call by Pope Francis for Kyiv to negotiate an end to its war with Russia and have "the courage to raise the white flag". Ukraine's foreign minister says it will "never raise any other flags" then the country's blue and yellow colours. And the country's President Volodymyr Zelensky dismissed the comments as "virtual mediation". A Vatican spokesman later said the Pope was speaking of stopping the fighting through negotiation, not capitulation. (BBC Web Page: 11/03/24, FARUK)

**GAZA AID SHIP YET TO LEAVE CYPRUS**

A ship with humanitarian aid for Gaza remains docked in Cyprus, a day after it was due to begin its journey. A charity leading the mission told the BBC it was "a quickly evolving and fluid situation", but it hoped the ship, Open Arms, would set sail soon. On Sunday evening, the sighting of the *new* moon marked the start of the Islamic holy month of Ramadan in Gaza. A ceasefire remains off the table as indirect negotiations between Israel and Hamas have largely stalled. The UN has warned that famine in Gaza is almost inevitable and children are starving to death. Aid agencies and Western politicians say the best way to get the amount of aid needed info Gaza is by land. (BBC Web Page: 11/03/24, FARUK)

**JAPAN AVOIDS RECESSION AS GROWTH FIGURES REVISED**

Japan has avoided falling into a technical recession after its official economic growth figures were revised. The revised data shows gross domestic product (GDP) was 0.4% higher in the last three months of 2023 compared to a year earlier. Provisional figures released last month indicated the second consecutive quarter of economic contraction. Two quarters in a row of an economy shrinking is typically considered the definition of a technical recession. But the revised figures still came below expectations, as some economists had forecast an upward revision to fourth quarter GDP of around 1%. (BBC Web Page: 11/03/24, FARUK)

**INDIA IN $100BN TRADE DEAL WITH FOUR EUROPE NATIONS**

India has signed a free-trade agreement (FTA) with a group of four European countries that are not members of the European Union. The deal with the European Free Trade Association (EFTA) will see investments in India of $100bn, the country's trade minister says. The EFTA is made up of Norway, Switzerland, Iceland and Liechtenstein. The announcement comes as the UK and India have been holding negotiations over an FTA for the last two years. "This landmark pact underlines our commitment to boosting economic progress and creating opportunities for our youth," Prime Minister Narendra Modi said in a statement. (BBC Web Page: 11/03/24, FARUK)

## :: The End ::